পোলীস বিষয়ক।—১৮৮৩ সাল ১৮ ডিসেম্বর।—শ্রীযুত জি, এচ, পি লিবসে সাহেবের স্থানে তৃতীয় শ্রেণী পোলীসের কিয়ৎকালীন আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, সি ক্রুগষ্টোন সাহেব ঐ শ্রেণীতে দৃঢ়ীকৃত হইলেন।

১৮৮৪ সাল ৮ জানুয়ারি।—মেদিনীপুরের পোলীসের আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু গোপালহরি মল্লিক গত ২৯ নবেম্বর তারিখের পূর্ব্বাহ্ণ হইতে যাবৎ অন্য আজ্ঞা না হয়, পোলীসের আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

পুরী জিলার পোলীসের ভারপ্রাপ্ত পোলীসের আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলু ডি, আবরক্রম্বি, সাহেব ১৮৮৩ সালের ১৫ জুলাই তারিখ হইতে যাবৎ অন্য আজ্ঞা না হয়, পোলীসের আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

পুর্ণিয়া জেলার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, এচ, জাইল্‌স্ সাহেব, ১৮৮৩ সালের ৭ ফেব্রুয়ারি তারিখের আজ্ঞামত প্রদত্ত নিয়মিত ছুটীর অতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৪৯ ধারামতে এক দিবসের নিয়মিত ছুটী পাইলেন।

ব্যবস্থাপন বিষয়ক।—১৮৮৪ সাল ৪ জানুয়ারি।—মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, ১৮৬১ সালের ভারতবর্ষীয় মন্ত্রিসভা-বিষয়ক আইনের ২৯, ৩০, ও ৪৫ ধারার বিধানমতে শ্রীযুত এচ, রিভার্স সাহেবকে ফোর্ট উইলিয়ম প্রেসিডেন্সীর অন্তর্গত বঙ্গদেশখণ্ডের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার মেম্বর নিযুক্ত করিলেন।

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৮৩ সাল ৩১ ডিসেম্বর।—মৃত মুনসী করিমবক্স সাহেবের স্থানে শ্রীযুত মুনসী মজহরল হক্ সাহেব নোয়াখালি জিলার অন্তর্গত ফেণির (সিলোনিয়ার) গ্রাম্য সব-রেজিষ্ট্রার নিযুক্ত হইলেন।

শিক্ষা বিষয়ক।—১৮৮৪ সাল ২ জানুয়ারি।—অবসরপ্রাপ্ত শ্রীযুত বাবু চন্দ্রনাথ মৈত্রের স্থানে রাজশাহী কলেজের বিজ্ঞানের উপদেশক শ্রীযুত পি, ক্রুল সাহেব বঙ্গীয় অধস্থ শিক্ষাসংক্রান্ত কার্য্যের চতুর্থ শ্রেণীতে গত মাসের ১লা তারিখ অবধি দৃঢ়ীকৃত হইলেন।

শ্রীযুত পি, ক্রুল সাহেবের স্থানে গত মাসের ১লা তারিখ হইতে শিক্ষাবিভাগের ডিরেক্টর সাহেবের আফিসের তৃতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত বাবু বীরনারায়ণ মুখোপাধ্যায় কিয়দ্দিনের জন্যে স্থায়িরূপে বঙ্গীয় অধস্থ শিক্ষাসংক্রান্ত কার্য্যের চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ই, আর, টি, টিয়র্নি সাহেবের স্থানে, যাবৎ অন্য আজ্ঞা না হয়, গত মাসের ১লা তারিখ অবধি বহরমপুর কালেজ সংক্রান্ত স্কুলের দ্বিতীয় শিক্ষক শ্রীযুত বাবু ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী বঙ্গীয় অধস্থ শিক্ষাসংক্রান্ত কার্য্যের চতুর্থ শ্রেণীতে কার্য্য করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু শ্রীকৃষ্ণ চট্টোপাধ্যায়ের স্থানে বেথুন বালিকা বিদ্যালয়ের কলেজশ্রেণী সমূহের উপদেশক শ্রীযুত বাবু শশীভূষণ দত্ত, গত মাসের ১লা তারিখ অবধি, বঙ্গীয় অধস্থ শিক্ষাসংক্রান্ত কার্য্যের চতুর্থ শ্রেণীতে কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১২ জানুয়ারি।]

FORESTS.—*The 3rd January* 1884.—With effect from the 1st September 1883, during the absence of Mr. G. W. Strettell, Deputy Conservator of Forests, 1st grade, on privilege leave,—

Mr. G. A. Richardson, Deputy Conservator of Forests, 3rd grade, to officiate in the 2nd grade.

Mr. F. B. Manson, Deputy Conservator of Forests, 4th grade, to officiate in the 3rd grade.

JAILS.—*The 8th January* 1884.—Mr. W. A'C. Beadon, Superintendent of the Central Jail, Midnapore, is appointed to act as Superintendent of the Alipore and Russa Jails, during the absence, on leave, of Lieutenant-Colonel R. Beadon, or until further orders.

Mr. C. H. C. Sevenoaks, Superintendent of the Central Jail, Dacca, is appointed to act as Superintendent of the Central Jail, Midnapore, during the absence, on deputation, of Mr. W. A'C. Beadon, or until further orders.

Mr. E. W. Payne, Assistant Superintendent of Jails, Bhagulpore, is appointed to act as Superintendent of the Central Jail, Dacca, during the absence, on deputation, of Mr. C. H. C. Sevenoaks, or until further orders.

OPIUM.—*The 8th January* 1884.—Mr. W. T. Ryves acted as Sub-Deputy Opium Agent of Patna from the 27th August to the 28th September last, both days inclusive.

Mr. A. H. Turnbull acted as Principal Assistant to the Opium Agent of Behar from the 26th August to the 29th October 1883, both days inclusive.

MEDICAL.—*The 2nd January* 1884.—Surgeon E. Bovill, Civil Surgeon, Monghyr, is appointed to act as Civil Surgeon of Chumparun, during the absence, on deputation, of Surgeon-Major L. Cameron, or until further orders.

The 7th January 1884.—Surgeon E. S. Brander, Civil Surgeon, Maldah, is appointed to act as Civil Surgeon of Rungpore, during the absence, on deputation, of Dr. K. D. Ghose, or until further orders.

The 8th January 1884.—Assistant Surgeon Chunder Nath Chowdhry, a Supernumerary at Rajshahye, is appointed temporarily to have medical charge of the establishment attached to the Dacca and Mymensingh State Railway.

In supersession of the order of the 24th September 1883, Surgeon J. M. Zorab, Civil Surgeon, Balasore, is allowed furlough in India for four months under the Furlough Rules of 1868, with effect from the 10th idem.

MUNICIPAL.—*The 5th January* 1884.—The following gentlemen are appointed to be Commissioners of the Balasore Municipality :—

Baboo Srikant Kar.
,, Damodar Chowdhury.
Baboo Russik Chand De.
,, Uday Narain Ghosh.

Mr. D. Fuller is appointed to be a Commissioner of the Chittagong Municipality.

The 8th January 1884.—Assistant Surgeon Gopal Chunder Mookerjee, M.B., is appointed to be a Commissioner of the Behar Municipality, *vice* Assistant Surgeon Preamber Nath Mittra, transferred.

The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Rungpore Municipality of Mr. C. R. Marriott to be their Vice-Chairman.

ROAD CESS.—*The 22nd December* 1883.—Baboo Luchman Chundra Roy is appointed to be a member of the Khulna District Road Cess Committee.

The 4th January 1884.—Baboo Modon Gopal Singh is appointed to be a member of the Beerbhoom District Road Committee, *vice* Baboo Bhola Nath Ghose.

The following notifications are republished from the *Assam Gazette* :—

No. 375.—*The 27th December* 1883.—Mr. C. H. Parish, Officiating Assistant Superintendent of Police, whose services have been placed at the disposal of the Chief Commissioner of Assam, is posted to the Goalpara district, and is placed in charge of the police of that district.

No. 92.—Mr. G. A. Patten, Assistant Superintendent of Police, Naga Hills, is transferred to the Cachar district, and is placed in charge of the Civil Police of that district.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette,* 15*th January* 1884.]

বনবিভাগ।—১৮৮৪ সাল ৩ জানুয়ারি।—১৮৮৩ সালের ১লা সেপ্টেম্বর অবধি, প্রথম শ্রেণীর ডেপুটী বনরক্ষক শ্রীযুত জি, ডবলু, ষ্ট্রিটল্ সাহেবের অনুগ্রহের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে।

তৃতীয় শ্রেণীর ডেপুটী বনরক্ষক শ্রীযুত জি, এ, রিচর্ডসন্ সাহেব দ্বিতীয় শ্রেণীতে কার্য্য করিবেন।

চতুর্থ শ্রেণীর বনরক্ষক শ্রীযুত এফ, বি, মানুসন্ সাহেব তৃতীয় শ্রেণীতে কার্য্য করিবেন।

জেল বিষয়ক।—১৮৮৪ সাল ৮ জানুয়ারি।—মেদিনীপুরের সদর জেলের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলু, এ, সি, বীডন সাহেব, ছুটীপ্রযুক্ত লেপ্টেনেণ্ট কর্নেল শ্রীযুত আর, বীডন সাহেবের অনুপস্থিতিকালে, অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, আলিপুর ও রসা জেলের সুপরিন্টেণ্ডেণ্টের কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত ডবলিউ, এ, সি, বীডন সাহেবের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ঢাকা সদর জেলের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, এস, সি, সেভনওকস সাহেব মেদিনীপুর সদর জেলের সুপরিন্টেণ্ডেণ্টের কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত সি, এচ, সি, সেবেনওকস্ সাহেবের অনুপস্থিতিকালে যাবৎ অন্য আজ্ঞা না হয় ভাগলপুরের জেল সমূহের আসিস্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই, ডবলিউ, পেন সাহেব ঢাকা সদর জেলের সুপরিন্টেণ্ডেণ্টের কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

আফীম বিষয়ক।—১৮৮৪ সাল ৮ জানুয়ারি।—শ্রীযুত ডবলু, টি, রাইবস্ সাহেব গত ২৭ আগষ্ট হইতে ২৮শে সেপ্টেম্বর পর্য্যন্ত পাটনার আফীমের সব-ডেপুটী এজেন্টরূপে কার্য্য করিয়াছেন।

১৮৮৩ সালের ২৬ আগস্ট হইতে ২৯ অক্টোবর পর্য্যন্ত, শ্রীযুত এ, এচ, টরনবুল সাহেব বেহারের আফীমের এজেন্টের প্রধান আসিস্টাণ্টরূপে কার্য্য করিয়াছেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৮৪ সাল ২ জানুয়ারি,।—রাজকার্য্যোপলক্ষে সর্জন মেজর শ্রীযুত এল, কামেরন সাহেবের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, মুঙ্গেরের সিবিল চিকিৎসক সর্জন শ্রীযুত ই, বোবিল সাহেব চাম্পারনের সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ৭ জানুয়ারি।—রাজকার্য্যোপলক্ষে ডাক্তর কে, ডি, ঘোষের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, মালদহের সিবিল চিকিৎসক সর্জন, শ্রীযুত ই, এস, ব্রাওর সাহেব রঙ্গপুরের সিবিল চিকিৎসকের কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ৮ জানুয়ারি।—রাজশাহীস্থ অতিরিক্ত আসিস্টাণ্ট সর্জন শ্রীযুত চন্দ্রনাথ চৌধুরী কিয়ৎ দিনের জন্য ঢাকা ও ময়মনসিংহ ষ্টেট রেলওয়ে সংক্রান্ত সেরেস্তার চিকিৎসা ভার প্রাপ্ত হইবার জন্য নিযুক্ত হইলেন।

১৮৮৩ সালের ২৪ সেপ্টেম্বর তারিখের আদেশ রহিত হইয়া ১৮৮৮ সালের নিয়মিত ছুটীর বিধিমতে ঐ মাসের ১০ই তারিখ হইতে বালেশ্বরের সিবিল চিকিৎসক সর্জন, শ্রীযুত জে, এম, জোরাব সাহেব চারি মাসের জন্য ভারতবর্ষে নিয়মিত ছুটী প্রাপ্ত হইলেন।

মুনিসিপাল।—১৮৮৪ সাল ৫ জানুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা বালেশ্বর মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।—

শ্রীযুত বাবু শ্রীকান্ত কর	শ্রীযুত বাবু রসিকচাঁদ দে।
„ „ দামোদর চৌধুরী	„ „ উদয়নারাণ ঘোষ।

শ্রীযুত ডি, ফুলার সাহেব চট্টগ্রাম মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ৮ জানুয়ারি অন্যত্র প্রেরিত আসিস্টাণ্ট সর্জ্জন শ্রীযুত বাবু প্রিয়ম্বরনাথ মিত্র মহাশয়ের স্থানে আসিস্টাণ্ট সর্জন শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় এম, বি, বিহার মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন

রঙ্গপুর মুনিসিপালিটীর কমিশ্যনরেরা শ্রীযুত সি, আর মারিয়ট সাহেবকে আপনাদের প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

পথকর বিষয়ক।—১৮৮৩ সাল ২২ ডিসেম্বর।—শ্রীযুত বাবু লক্ষ্মণচন্দ্র রায় খুলনা জিলার পথকর কমিটীর মেম্বর নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ৪ জানুয়ারি।—শ্রীযুত বাবু ভোলানাথ ঘোষের স্থানে শ্রীযুত বাবু মদনগোপাল সিংহ বীরভূম জিলায় পথকর কমিটীর মেম্বর নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।—

৩৭৫ নং।—১৮৮৩ সাল ২৭ ডিসেম্বর।—পোলীসের একটিং আসিস্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, এচ, পারিস্ সাহেবকে আসামের চীফ কমিশ্যনরের হস্তে অর্পণ করা হইয়াছে, এক্ষণে তিনি গোয়ালপাড়া জিলায় অবস্থাপিত হইয়া ঐ জিলার পুলিসের ভার প্রাপ্ত হইলেন।

৯৭ নং।—নাগাপাহাড়ের পোলীসের আসিস্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, এ, পাটন সাহেব, কাছাড় জিলায় প্রেরিত হইয়া ঐ জিলার সিবিল পোলীসের ভার প্রাপ্ত হইলেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৫ জানুয়ারি।]

NOTIFICATION.

The 4th January 1884.—It is hereby notified for general information that the next half-yearly Departmental Examination of Assistants and Deputy Magistrates in the Regulation and Non-Regulation Districts, and of Officers in the Police, Jail, Medical and Forest Departments, will be held on Monday, the 28th April 1884, and following days.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 7th January 1884.—All officers employed under this Government, who have applied for, and obtained permission to appear at, the ensuing examination of candidates for admission to the Subordinate Executive Service, are, under section 137 of the Civil Leave Code, allowed leave for the number of days which is actually necessary in each case to enable them to attend at the examination.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 7th January 1884.—It is hereby notified for general information that the Lieutenant-Governor approves the following additions to, and alterations in, the Rules for the guidance of officers engaged in the administration of the Salt Department in the Lower Provinces of Bengal :—

The following is added to Rule 42 at page 12 of the Salt Manual :—

" Failure to comply with this rule will render such person liable to a fine not exceeding Rs. 500; and if it shall appear to the officer trying the case that the omission was made with a fraudulent intent, he shall direct the salt to be confiscated."

The following is added to Rule 43 at page 12 of the Salt Manual :—

" Provided that the person in charge of the salt, referred to in Rule 42, and the proprietor of the salt, referred to in Rule 43, shall not both be fined in respect of the same omission."

Rule 44, at pages 12 and 13 of the Salt Manual, is altered as follows :—

For "under section 148 of the Code of Criminal Procedure (Act X of 1872)," *substitute* "under section 204 of the Code of Criminal Procedure (Act X of 1882)."

For " as provided in the same section," *substitute* " as provided in section 90."

For " section 93 " quoted in the rule, *substitute* " Section 57."

A. P. MACDONNELL,
Offg. Secretary to the Govt. of Bengal.

The 8th January 1884.

From—Bombay,	To—Calcutta,
From—General Secretary,	To—Bengal.

FOLLOWING from British Consul, Alexandria :—" Egypt imposes quarantine against vessels leaving Bombay on and after 26th December."

A. P. MACDONNELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette,* 15*th January* 1884.]

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৪ জানুয়ারি।—আইনশাসিত ও আইনবহির্ভূত জিলা সমূহের আসিষ্টাণ্ট ও ডেপুটী মাজিষ্ট্রেটদের এবং পোলীস, জেল, চিকিৎসা ও বনবিভাগের কার্য্যকারকদের আগামী ষাণ্মাসিক বিভাগীয় পরীক্ষা ১৮৮৪ সালের ২৮ আপ্রিল ও তৎপরবর্ত্তী কএক দিবস গৃহীত হইবে, সাধারণের অবগত্যর্থ এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৭ জানুয়ারি।—গবর্ণমেণ্টের অধীনে নিযুক্ত যে সকল কার্য্যকারক অধঃস্থ এক্‌সিকিটিব সর্ব্বিসে প্রবিষ্ট হইবার প্রার্থীগণের আগামী পরীক্ষায় উপস্থিত হইবার জন্য প্রার্থনা করিয়া অনুমতি প্রাপ্ত হইয়াছেন তাঁহাদিগকে সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৩৭ ধারামতে প্রত্যেক স্থলে পরীক্ষায় উপস্থিত হইতে পারিবার জন্য প্রকৃত প্রস্তাবে যে কয় দিন আবশ্যক সেই কয় দিনের ছুটী দেওয়া গেল।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৭ জানুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্ন বঙ্গপ্রদেশস্থ নিমক কার্য্যবিভাগের কার্য্যে নিযুক্ত কার্য্যকারকদের কার্য্য-পদ্ধতি প্রদর্শনার্থ বিধিতে নিম্নলিখিত সংযোগ ও পরিবর্ত্তন অনুমোদন করিয়াছেন।—

লবণ বিষয়ক বিধিপুস্তিকার ১৯ পৃষ্ঠার ৪২ ধারায় নিম্নলিখিত কথা যোগ করা গেলঃ—

"এই বিধি পালন করিবার ত্রুটি হইলে সেই ব্যক্তির ৫০০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। মোকদ্দমার বিচারকারি কর্ত্তৃপক্ষ যদি এমত বুঝেন যে প্রতারণা করিবার অভিপ্রায়ে সেই ত্রুটি করা গিয়াছে তাহা হইলে তিনি লবণ জব্দ করিবার আজ্ঞা করিবেন।"

লবণ বিষয়ক বিধিপুস্তিকার ১৯ পৃষ্ঠার ৪৩ ধারায় নিম্নলিখিত কথা যোগ করিতে হইবে।—

"পরন্তু একই ত্রুটি প্রযুক্ত ৪২ ধারার উল্লিখিত যে ব্যক্তি লবণ লইয়া যান এবং ৪৩ ধারার উল্লিখিত লবণের স্বামী এই উভয়ের দণ্ড হইতে পারিবে না।"

লবণ বিষয়ক বিধিপুস্তিকার ১৯ ও ২০ পৃষ্ঠার ৪৪ ধারায় নিম্নলিখিতমত পরিবর্ত্তন করা গেল।—

"ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭২ সালের ১০ আইনের ১৭৮ ধারামতে" এই২ কথার পরিবর্ত্তে "ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের ১০ আইনের ২০৪ ধারামতে" এই২ কথা দিতে হইবে।

"উক্ত ধারার বিধানমতে" এই২ কথার পরিবর্ত্তে "৯০ ধারার বিধানমতে" এই২ কথা দিতে হইবে।

উক্ত ধারার উল্লিখিত "৯৩ ধারার" এই কথার পরিবর্ত্তে "৫৭ ধারার" এই কথা দিতে হইবে।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

১৮৮৪ সাল ৮ জানুয়ারি।

বঙ্গদেশে, কলিকাতায়,	বোম্বাইর, সাধারণ সেক্রেটরী সাহেবের টেলিগ্রাম।

আলেক্‌জণ্ড্রিয়াস্থ ব্রিটিষ কন্সল সাহেবের স্থানে নিম্নলিখিত সংবাদ পাওয়া গিয়াছে।—১৬ ডিসেম্বরে ও তাহার পরে যে সকল জাহাজ বোম্বাই ছাড়িয়া যায়, সেই সকল জাহাজের উপর মিসরে কারাণ্টাইন ধার্য্য হইল।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১২ জানুয়ারি।]

JUDICIAL DEPARTMENT.

No. 96 A.

The 31*st December* 1883.—Baboo Goti Nath Mittra and Baboo Truk Nath Chatterjee are appointed to be Honorary Magistrates for the Bench at Jhenida in the district of Jessore, and are vested with the powers of a Magistrate of the third class.

The resignation tendered by Baboo Jogendro Nath Sircar of his appointment as Honorary Magistrate for the said Bench is accepted.

The 3rd January 1884.—The services of Baboo Bulloram Mullick, Second Subordinate Judge of the 24-Pergunnahs, are placed at the disposal of the Cooch Behar State.

Baboo Kristo Chunder Chatterjea, B.L., First Subordinate Judge of Backergunge, is transferred to the 24-Pergunnahs, *vice* Baboo Bulloram Mullick.

Baboo Beni Madhab Mitter, B.L., Second Subordinate Judge of Backergunge, is appointed to be First Subordinate Judge and Small Cause Court Judge of that district.

Baboo Jogesh Chunder Mitter, B.L., Subordinate Judge of Moorshedabad, on deputation, is appointed to be Second Subordinate Judge of Backergunge.

Baboo Sree Nath Roy, First Subordinate Judge and Small Cause Court Judge, Hooghly, Serampore and Howrah, is allowed leave for one month, under rule 2, section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 5th instant, or such subsequent date as he may avail himself of it.

Baboo Uma Churan Dutt, Munsif of Baraset, in the district of the 24-Pergunnahs, is appointed to act as Small Cause Court Judge and Subordinate Judge of Hooghly, Serampore and Howrah, during the absence, on leave, of Baboo Sree Nath Roy, or until further orders.

Baboo Jogendro Nath Ghose, B.L., is appointed to act as a Munsif in the district of the 24-Purgunnahs, and to be ordinarily stationed at Baraset, *vice* Baboo Uma Churan Dutt, on deputation.

The 4th January 1884.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the independent bench at the head-quarters of the Kooshtea sub-division, in the district of Nuddea, and are vested with the powers of a Magistrate of the third class :—

Baboo Ram Gopal Dutta, B.L.
,, Dino Nath Misser.
Mr. A. R. Durand.
Baboo Bidhu Bhushan Bose.
,, Ashutosh Chatterjee.
,, Satya Sekhar Mookerjee.
Mir Mosruf Hossen.

Baboo Raj Chundra Sanyal, Subordinate Judge, Chittagong, is allowed leave for one month under rule 2, and for one month and three days under rule 1, section 72 of the Civil Leave Code, with effect from the 5th instant, or such subsequent date as he may avail himself of it.

Baboo Dwarka Nath Bhuttacharjee, M.A., B.L., Officiating Munsif of Soory, Beerbhoom, is appointed to act as Subordinate Judge of Chittagong, during the absence, on leave, of Baboo Raj Chandra Sanyal, or until further orders.

Baboo Gopal Krishna Ghose is appointed to act, until further orders, as a Munsif in the district of Beerbhoom.

Baboo Radha Krishna Sen, Additional Subordinate Judge of Pubna, is allowed sick leave for two months, with effect from the date on which he availed himself of it.

Baboo Ram Gopal Chaki, Munsif of Cutwa, Burdwan, is appointed to act as Subordinate Judge, during the absence, on leave, of Baboo Radha Krishna Sen or until further orders, and is posted to Moorshedabad with effect from the date on which he may join the district.

[*Government Gazette*, 15*th January* 1884.]

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৯৬ A নম্বর।

১৮৮৩ সাল ৩১ ডিসেম্বর।—শ্রীযুত বাবু গতিনাথ মিত্র ও শ্রীযুত বাবু তারকনাথ চট্টোপাধ্যায় যশোহর জিলার অন্তর্গত ঝিনিদহ বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ সরকার উক্ত বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেটস্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থ যে পত্র পাঠান, তাহা গ্রহণ করা গেল।

১৮৮৪ সাল ৩ জানুয়ারি।—২৪ পরগনার দ্বিতীয় সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু বলরাম মল্লিক কুচবেহার রাজ্যের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

বাখরগঞ্জের প্রথম সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায় বি, এল, শ্রীযুত বাবু বলরাম-মল্লিকের পরিবর্ত্তে ২৪ পরগনায় প্রেরিত হইলেন।

বাখরগঞ্জের দ্বিতীয় সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু বেণীমাধব মিত্র বি, এল, উক্ত জিলার প্রথম সবর্ডিনেট জজের ও ছোট আদালতের জজের পদে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যান্তরে প্রেরিত মুরশিদাবাদের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু যোগেশচন্দ্র মিত্র বি, এল, বাখরগঞ্জের দ্বিতীয় সবর্ডিনেট জজের পদে নিযুক্ত হইলেন।

হুগলী, শ্রীরামপুর ও হাবড়ার প্রথম সবর্ডিনেট জজ ও ছোট আদালতের জজ শ্রীযুত বাবু শ্রীনাথ রায় এই মাসের ৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে এক মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু শ্রীনাথ রায়ের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ২৪ পরগনার অন্তর্গত বারাসতের মুনসেফ শ্রীযুত বাবু উমাচরণ দত্ত হুগলী, শ্রীরামপুর ও হাবড়ার ছোট আদালতের জজ ও সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যান্তরে প্রেরিত শ্রীযুত বাবু উমাচরণ দত্তের পরিবর্ত্তে শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ ঘোষ, বি, এল, ২৪ পরগনা জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ বারাসতে অবস্থাপিত হইবেন।

১৮৮৪ সাল ৪ জানুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা নদীয়া জিলার অন্তর্গত কুষ্টিয়া মহকুমার সদর মোকামের স্বাধীন বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু রামগোপাল দত্ত বি, এল।	শ্রীযুত বাবু বিধুভূষণ বসু।
,, ,, দীননাথ মিশ্র।	,, ,, আশুতোষ চট্টোপাধ্যায়।
শ্রীযুত এ, আর, ডুরাণ্ড সাহেব।	,, ,, সত্যশিখর মুখোপাধ্যায়।

শ্রীযুত মির মসরুফ হোসেন।

চট্টগ্রামের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু রাজচন্দ্র সান্যাল এই মাসের ৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৭২ ধারার ২ প্রকরণমতে এক মাসের ও ১ প্রকরণমতে এক মাস তিন দিনের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু রাজচন্দ্র সান্যালের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, বীরভূমের অন্তর্গত শিউড়ীর একটিং মুনসেফ শ্রীযুত বাবু দ্বারকানাথ ভট্টাচার্য্য এম, এ, ও বি, এল, চট্টগ্রামের সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

বাবু গোপালকৃষ্ণ ঘোষ, যাবৎ অন্য আজ্ঞা না হয় বীরভূম জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পাবনার আডিশনল সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ সেন, যে তারিখে ছুটী লইয়াছেন তদবধি পীড়াপ্রযুক্ত দুই মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ সেনের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, বর্দ্ধমানের অন্তর্গত কাটোয়ার মুনসেফ শ্রীযুত বাবু রামগোপাল চাকী সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া যে তারিখে মুরশিদাবাদ জিলায় কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখ অবধি তথায় অবস্থাপিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৫ জানুয়ারি।]

Baboo Gopal Chunder Basu, M.A., B.L., is appointed to act, until further orders, as a Munsif in the district of Burdwan, and to be ordinarily stationed at Cutwa.

Mr. J. L. Herald, Assistant Magistrate and Collector, Dinagepore, is vested with the powers of a Magistrate of the third class.

The resignation tendered by Mr. N. J. Gantzer of his appointment as Honorary Magistrate for the Serampore Bench in the district of Hooghly, is accepted.

The 7th January 1884.—Baboo Sitakant Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, is vested with the powers of a Magistrate of the first class.

Baboo Tez Chundra Mookerjee, Munsif of Madhubani, Tirhoot, is appointed to be a Munsif in the district of Chittagong, and to be ordinarily stationed at North Putteah.

In supersession of the order of the 17th August last, Baboo Nilmadhub Banerjee, late Munsif of Ranchi, Chota Nagpore, is appointed to be a Munsif in the district of Tirhoot, and to be ordinarily stationed at Madhubani, with effect from the date on which he joined his appointment.

Baboo Ram Chandra Dhur, 1st Munsif of Manickgunge in the district of Dacca, is transferred to Kallygunge in that district.

Baboo Ram Chandra Dhur is also appointed to be Rent-suit Munsif of that chowkey, and is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a court up to the amount of Rs. 50 within the local limits of his munsifi.

Baboo Nilmoney Nag, 1st Munsif of Kallygunge, is appointed to be a Munsif in the district of Dacca, and to be ordinarily stationed at Manickgunge.

Baboo Nilmoney Nag is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a court up to the amount of Rs. 25, within the local limits of his munsifi.

The 8th January 1884.—Mr. P. H. O'Brien, Assistant Magistrate and Collector, Bogra, is vested with the powers of a Magistrate of the second class.

Mr. A. T. A. Shaw, Assistant Magistrate and Collector, Midnapore, is vested with the powers of a Magistrate of the third class.

Mr. J. Whitmore, Joint-Magistrate and Deputy Collector, Rajshahye, is vested with the powers of a Magistrate of the first class, and with the power to try summarily the offences mentioned in section 260 of the Code of Criminal Procedure.

Mr. F. R. S. Collier, Sub-Divisional Officer of Serampore, is vested with powers under section 435 of Act X of 1882.

Baboo Ambica Churn Sen, Assistant Magistrate and Collector, Shahabad, is vested with the powers of a Magistrate of the third class.

Baboo Abinash Chandra Mitter, Officiating Second Subordinate Judge of Tirhoot, is confirmed in the third grade of Subordinate Judges.

Baboo Madhub Chunder Chuckerbutty, Officiating Subordinate Judge, Jessore, is appointed temporarily to the third grade of Subordinate Judges.

Baboo Shoshi Bhushan Banerjee, M.A., B.L. Munsif of Motihari, is promoted to the first grade of Munsifs.

Mr. Rajkissen Sen, Barrister-at-Law, Munsif of Sealdah, 24-Pergunnahs, is promoted temporarily to the first grade of Munsifs.

Baboo Haro Chunder Das, Second Munsif of South Raojan at Ranguneah, Chittagong, on leave, is appointed to be a Munsif in the district of Tipperah, and to be ordinarily stationed at Ramroygram.

Baboo Behari Lall Mookerjee, Munsif of Ramroygram in the district of Tipperah, is appointed to be a Munsif in the district of Hooghly, and to be ordinarily stationed at Haripal.

[*Government Gazette*, 15*th January* 1884.]

যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু গোপাল চন্দ্র বসু এম, এ, ও বি, এল, বর্দ্ধমান জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ কাটোয়ায় অবস্থাপিত হইবেন।

দিনাজপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, এল, হেরাল্ড সাহেব তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত এল, জে, গান্টজর সাহেব হুগলী জিলার অন্তর্গত শ্রীরামপুর বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেট-স্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থ যে পত্র পাঠান, তাহা গ্রহণ করা গেল।

১৮৮৪ সাল ৭ জানুয়ারি।—দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সীতাকান্ত মুখোপাধ্যায় প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

ত্রিহুতের অন্তর্গত মধুবনির মুনসেফ শ্রীযুত বাবু তেজচন্দ্র মুখোপাধ্যায় চট্টগ্রাম জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ উত্তর পতিয়ায় অবস্থাপিত হইবেন।

গত আগষ্ট মাসের ১৭ তারিখের আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। ছোটনাগপুরের অন্তর্গত রাঞ্চির ভূতপূর্ব্ব মুনসেফ শ্রীযুত বাবু নীলমাধব বন্দ্যোপাধ্যায় ত্রিহুত জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া যে তারিখে কর্ম্ম গ্রহণ করেন তদবধি মধুবনিতে অবস্থাপিত হইবেন।

ঢাকা জিলার অন্তর্গত মানিকগঞ্জের প্রথম মুনসেফ শ্রীযুত বাবু রামচন্দ্র ধর সেই জিলার অন্তর্গত কালীগঞ্জে প্রেরিত হইলেন।

শ্রীযুত বাবু রামচন্দ্র ধর সেই চৌকীর থানানার মোকদ্দমার মুনসেফের পদেও নিযুক্ত হইয়া স্বীয় মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থ ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

কালীগঞ্জের প্রথম মুনসেফ শ্রীযুত বাবু নীলমণি নাগ ঢাকা জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ মানিকগঞ্জে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু নীলমণি নাগ স্বীয় মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ২৫ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থ ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

১৮৮৪ সাল ৮ জানুয়ারি।—বগুড়ার আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত পি, এচ, ওব্রায়েন সাহেব দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

মেদিনীপুরের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, টি, এ, সাহেব তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

রাজশাহীর জাইন্ট-মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, হুইটমোর সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ফৌজদারী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ২৬০ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা প্রাপ্ত হইলেন।

শ্রীরামপুর মহকুমার কর্তৃপক্ষ শ্রীযুত এফ, আর, এস, কলিয়র সাহেব ১৮৮২ সালের ১০ আইনের ৪৩৫ ধারামত ক্ষমতা প্রাপ্ত হইলেন।

শাহাবাদের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত বাবু অম্বিকাচরণ সেন তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

ত্রিহুতের একটিং দ্বিতীয় সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র মিত্র সবর্ডিনেট জজের তৃতীয় শ্রেণীতে দৃঢ় হইলেন।

যশোহরের একটিং সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু মাধবচন্দ্র চক্রবর্ত্তী কিয়ৎকালের নিমিত্ত সবর্ডিনেট জজদের তৃতীয় শ্রেণীতে নিযুক্ত হইলেন।

মতিহারির মুনসেফ শ্রীযুত বাবু শশিভূষণ বন্দ্যোপাধ্যায় এম, এ, ও বি, এল, মুনসেফদের প্রথম শ্রেণীতে উন্নীত হইলেন।

২৪ পরগনার অন্তর্গত শিয়ালদহের মুনসেফ শ্রীযুত রাজকৃষ্ণ সেন বারিষ্টার-আট-লা কিয়ৎকালের নিমিত্ত মুনসেফদের প্রথম শ্রেণীতে উন্নীত হইলেন।

চট্টগ্রামের অন্তর্গত রাঙ্গুনীয়াস্থ দক্ষিণ রাউজানের ছুটী প্রাপ্ত দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু হরচন্দ্র দাস ত্রিপুরা জিলার মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ রামরায় গ্রামে অবস্থাপিত হইবেন।

ত্রিপুরা জিলার অন্তর্গত রামরায় গ্রামের মুনসেফ শ্রীযুত বাবু বিহারীলাল মুখোপাধ্যায় হুগলী জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ হরিপালে অবস্থাপিত হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১৫ জানুয়ারি]

Baboo Behari Lal Mullick, Munsif of Haripal, in the district of Hooghly, is appointed to be a Munsif in the district of Midnapore, and to be ordinarily stationed at the sudder station of that district.

Moulvie Mahomed Nurul Hossein, First Subordinate Judge, Patna, is allowed sick leave for two months from the 15th ultimo.

Baboo Grish Chunder Chatterjee, Munsif of Begooserai, Bhagulpore, is appointed act as First Subordinate Judge of Patna, during the absence, on leave, of Moulvie Mahomed Nurul Hossein, or until further orders.

Baboo Raj Narain Mookerjee, B.L., is appointed to act as Munsif of Begooserai Bhagulpore, during the absence, on deputation, of Baboo Grish Chunder Chatterjee, or until further orders.

Baboo Trailokya Nath Mittra, Subordinate Judge and Small Cause Court Judge, Patna. is allowed leave for ten days, under section 127, chapter X of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

Baboo Bogola Prosanno Mozoomdar, Deputy Magistrate and Deputy Collector, Silligoree, Darjeeling, is also appointed to be a Munsif in the district of Julpigoree, and to b ordinarily stationed in the Terai.

LEAVE OF ABSENCE TO MUNSIFS.—*The 28th December* 1883.—Baboo Rasik Chandra Roy, Munsif of South Putteah in the district of Chittagong, is allowed leave for three months, viz. one month under rule 2, and two months under rule 1 (*a*), section 72, chapter V the Civil Leave Code, with effect from the date on which he may be relieved.

The 7th January 1884.—Mr. R. K. Sen, Munsif of Sealdah, in the district of the 24-Pergunnahs, is allowed leave for 2½ months, under rule 2, section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 21st January 1884.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 7th January 1884.—It is hereby notified that the Lieutenant-Governor, in exercise of the power conferred on him by section 432 of the Code of Civil Procedure, and in accordance with the request of the Maharajah of Cooch Behar, appoints Baboo Tarruck Nath Mullic to be the Agent of the Maharajah.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 7th January 1884.—Lieutenant W. L. Boswell is vested, under section 4 of Act III of 1880, with the powers of a Magistrate of the third class within the Cantonment of Dorunda.

Lieutenant Boswell is also vested, under section 28 of the said Act, with the power to try breaches of rules made under section 25 of that Act, and is authorized to exercise such powers independently of the Cantonment Magistrate.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 15th January* 1884.]

হুগলী জিলার অন্তর্গত হরিপালের মুনসেফ শ্রীযুত বাবু বিহারিলাল মল্লীক মেদিনীপুর জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইবেন।

পাটনার প্রথম সবর্ডিনেট জজ শ্রীযুত মৌলবী মহম্মদ নুরুলহোসেন পীড়াপ্রযুক্ত গত মাসের ২৫ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ নুরুল হোসেনের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ভাগলপুরের অন্তর্গত বেগুসরাইয়ের মুনসেফ শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চট্টোপাধ্যায় পাটনার প্রথম সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজ কার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু গিরীশচন্দ্র চট্টোপাধ্যায়ের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু রাজনারায়ণ মুখোপাধ্যায় বি, এল, ভাগলপুরের অন্তর্গত বেগুসরাইয়ের মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

পাটনার সবর্ডিনেট জজ ও ছোট আদালতের জজ শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ মিত্র যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৭ ধারামতে দশ দিনের ছুটী পাইলেন।

দারজিলিঙ্গের অন্তর্গত সিলিগুড়ির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বগলাপ্রসন্ন মজুমদার জলপাইগুড়ি জিলায় মুনসেফের পদেও নিযুক্ত হইয়া সামান্যতঃ তেরাইয়ে অবস্থাপিত হইবেন।

মুনসেফদের ছুটী।—১৮৮৩ সাল ১৮ ডিসেম্বর।—চট্টগ্রাম জিলার অন্তর্গত দক্ষিণ পটিয়ার মুনসেফ শ্রীযুত বাবু রসিকচন্দ্র রায় যে তারিখে কর্ম্ম ভার হইতে মুক্ত হন তদবধি তিন মাসের অর্থাৎ সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারার ২ প্রকরণমতে এক মাসের ও ১ (*a*) প্রকরণমতে দুই মাসের ছুটী পাইলেন।—

১৮৮৪ সাল ৭ জানুয়ারি।—২৪ পরগনা জিলার অন্তর্গত শিয়ালদহের মুনসেফ শ্রীযুত আর, কে সেন ১৮৮৪ সালের জানুয়ারি মাসের ২১ তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারার ২ প্রকরণমতে আড়াই মাসের ছুটী পাইলেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৭ জানুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৪৩২ ধারায় শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি কুচবেহারের মহারাজার অনুরোধক্রমে শ্রীযুত বাবু তারকনাথ মল্লিককে উক্ত মহারাজার এজেন্টের পদে নিযুক্ত করিলেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৭ জানুয়ারি।—লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ এল, বসওএল সাহেব ১৮৮০ সালের ৩ আইনের ৪ ধারামতে ডরণ্ডা সেনানিবেশ স্থানের মধ্যে তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট বসওএল সাহেব উক্ত আইনের ২৫ ধারামতে যে বিধি প্রণীত হয় সেই বিধি লঙ্ঘনের বিচার করিবার ক্ষমতাও উক্ত আইনের ২৮ ধারামতে প্রাপ্ত হইয়া সেনানিবেশ স্থানের মাজিষ্ট্রেট সাহেব হইতে স্বতন্ত্রভাবে ঐ ক্ষমতামতে কার্য্য করিবার অনুমতি পাইলেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৩। ১৫ জানুয়ারি।

NOTIFICATION.

The 8th January 1884.—It is hereby notified that, in exercise of the power vested in him by section 18 of the Bengal Civil Courts Act VI of 1871, the Lieutenant-Governor is pleased to vary, and hereby does vary, the local limits of the jurisdiction of the Munsif's Court at Gurbetta in the district of Midnapore, and those of the jurisdiction of the Munsif's court at Jehanabad in the district of Hooghly, by transferring the village of Koyaput, No. 8410 of Pergunnah Bogri, from the civil jurisdiction of the former court to that of the latter, with effect from the 1st January 1884, from and after which date the village in question will form a part of the munsifship of Jehanabad.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 8th January 1884.—It is hereby notified that the Lieutenant-Governor of Bengal authorizes the extension of the provisions of Act I (B.C.) of 1869 (an Act for the prevention of cruelty to animals) and Act III (B.C.) of 1869 (an Act to enable police officers to arrest without warrant persons guilty of cruelty to animals) to the municipality of the town of Dacca, in the district of Dacca.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 8th January 1884.—It is hereby notified that the Lieutenant-Governor of Bengal authorizes the extension of the provisions of Act I (B.C) of 1869 (an Act for the prevention of cruelty to animals) and Act III (B.C.) of 1869 (an Act to enable police officers to arrest without warrant persons guilty of cruelty to animals) to the town of Naraingunge, within municipal limits, in the district of Dacca.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

Dated Calcutta, the 7th January 1884.

No. 1.—*Posting.*—With reference to notification No. 405, dated 17th November 1883, Mr. J. H. Toogood, Executive Engineer, third grade, is posted to the Mahanuddy Division, which he joined on the afternoon of the 15th ultimo.

No. 2.—*Leave.*—Mr. P. B. Roberts, Executive Engineer, third grade, has been granted by Her Majesty's Secretary of State for India furlough for one week in extension of that granted to him in the orders marginally noted.

Notification No. 50, dated 31st January 1882.

No. 3.—*Transfer.*—Mr. H. Barlow, Assistant Engineer, second grade, is transferred in the interests of the public service from the Gunduck to the Arrah Division.

No. 5.—With reference to Government of India Public Works Department Notification No 7 of the 3rd instant, Mr. C. Von Ahn, Executive Engineer, fourth grade, temporary rank, is posted to the Benares-Cuttack Railway Surveys.

The 8th January 1884.

Notification.—*No.* 6.—Mr. H. C. Levinge, B.A., C.E., Chief Engineer, and Secretary to the Government of Bengal in the Public Works Department, having retired from the service, the Lieutenant-Governor desires to place on record his high appreciation of the very

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৮ জানুয়ারি।— এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইছে যে বঙ্গদেশের দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের ৬ আইনের ১৮ ধারাক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি ১৮৮৪ সালের ১জানুয়ারি অবধি বগড়ি পরগনার ৮৪১০ নং করাপুত গ্রাম মেদিনীপুর জেলার অন্তর্গত গড়বেড়ার মুনসেফের আদালতের এলাকা হইতে হুগলি জিলার অন্তর্গত জাহানাবাদের মুনসেফের আদালতের এলাকা ভুক্ত করিয়া উভয় আদালতের এলাকার স্থানীয় সীমা পরিবর্ত্তন করিতে ইচ্ছা করত এতদ্দ্বারা তাহা পরিবর্ত্তন করিলেন। উক্ত তারিখ অবধি ঐ গ্রাম জাহানাবাদ মুনসেফীর একাংশ হইবে।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৮ জানুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণার্থ ১৮৬৯ সালের বঙ্গীয় ১ আইনের ও জন্তুর প্রতি নির্দ্দয়াচারের অপরাধী দিগকে বিনা পরওয়ানায় ধৃত করণার্থে পোলীসের কর্ম্মকারকদিগকে ক্ষমতা দানার্থ ১৮৬৯ সালের বঙ্গীয় ৩ আইনের বিধান ঢাকা জিলার অন্তর্গত ঢাকা নগরের মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এফ, বি, পীকক।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৮ জানুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জন্তুর প্রতি নৃশংস ব্যবহার নিবারণার্থে ১৮৬৯ সালের বঙ্গীয় ১ আইনের ও জন্তুর প্রতি নির্দ্দয়াচারের অপরাধী দিগকে বিনা পরওয়ানায় ধৃত করণার্থে পোলীসের কর্ম্মকারকদিগকে ক্ষমতা দানার্থ ১৮৬৯ সালের বঙ্গীয় ৩ আইনের বিধান ঢাকা জিলার অন্তর্গত নারায়ণগঞ্জ নগরে মুনিসিপল সীমার মধ্যে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এফ, বি, পীকক।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট

কলিকাতা, ১৮৮৪ সাল ৭ জানুয়ারি।

১ নম্বর।—অবস্থাপন।—১৮৮৩ সালের ১৭ নবেম্বরের ৪০৫ নং বিজ্ঞাপন উপলক্ষে, তৃতীয় শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এচ, টুগুড সাহেব মহানদী খণ্ডে অবস্থাপিত হইয়া গত মাসের ১৫ তারিখের অপরাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

২ নম্বর।—ছুটী।—তৃতীয় শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত পি, বি, রবর্টস সাহেব পার্শ্বলিখিত আজ্ঞাক্রমে যে ছুটী পান, তদতিরিক্ত ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব তাঁহাকে আর এক সপ্তাহের নিয়মিত ছুটী দিয়াছেন।

১৮৮২ সালের ৩১ জানুয়ারির ৫০ নং বিজ্ঞাপন।

৩ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এচ, বার্লো সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্ত গণ্ডক খণ্ড হইতে আরাখণ্ডে প্রেরিত হইলেন।

৫ নম্বর।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের এই মাসের ৩ তারিখের ৭ নং বিজ্ঞাপন উপলক্ষে কিয়ৎকালীন ৪র্থ শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি, বন আন সাহেব বারানসী কটক রেলওয়ে সার্ভেতে অবস্থাপিত হইলেন।

১৮৮৪ সাল ৮ জানুয়ারি।

৬ নম্বর।—বিজ্ঞাপন।—চিফ ইঞ্জিনিয়র ও পবলিকওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী শ্রীযুত এচ, সি, লেবিঞ্জ সাহেব বিএ ও সি ই কর্ম্ম হইতে অবসর গ্রহণ করায় উক্ত কার্য্যকারক বঙ্গদেশের গবর্ণমেণ্টের যে অত্যন্ত কার্য্যকর সহায়তা দক্ষতা সহকারে করিয়াছেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট

effective and able assistance rendered by that officer to the Government of Bengal. Mr. Levinge has been the adviser of that Government on all questions connected with irrigation since the year 1879, and with railways since 1881; and his excellent services as Chief Engineer of the Department have received the acknowledgment of previous Lieutenant-Governors.

The large projects of the Orissa Canals still in progress have always found a strong advocate and promoter in Mr. Levinge; but the great works connected with the system of irrigation from the Sone river, which are now almost completed, were designed and have been executed under his supervision from their first commencement, and his name will always be honorably remembered in connection with them.

The Lieutenant-Governor regrets the loss to the public service of an officer of the great professional ability and administrative capacity which have throughout marked Mr. Levinge's career in India.

No. 7.—Leave.—Mr. H. Bell, Engineer-in-Chief, Tirhoot Railway Extensions, Construction Section, is granted six weeks' privilege leave, with effect from the 4th instant.

S. T. TREVOR, *Colonel*, R.E.,
Secretary to the Govt. of Bengal, P. W. Dept.

LOCAL COMMUNICATIONS.

The 8th January 1884.

No. 8.—Declaration.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense for a public purpose, viz. for the construction of a road from Batajore to Chandra Har through the villages Har Har known as Batajore and Chandra Har, pergunnah Bangorora in thana Gaurnadi, in the district of Backergunge, it is hereby declared that for the above purpose a strip of land 6,700 feet in length west to east, by 52 feet in width, measuring 24 beeghas 3 cottahs 14 chittacks of standard measurement, is required in the aforesaid villages.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. M. HEYWOOD, *Lieut.-Col.*, R.E.,
Offg. Joint Secy. to the Govt. of Bengal, P. W. D.

গবর্ণর সাহেব তাহা বিশেষরূপে প্রণিধান করিয়া, তাহা লিপিবদ্ধ করিয়া রাখিতে ইচ্ছা করেন। শ্রীযুক্ত লেবিঞ্জ সাহেব ১৮৭৯ সাল অবধি জলসেচন সংক্রান্ত ও ১৮৮১ সাল অবধি রেলওয়ে সংক্রান্ত সকল বিষয়ে উক্ত গবর্ণমেণ্টের পরামর্শ দাতা ছিলেন; এবং পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের চিফ ইঞ্জিনিয়রস্বরূপ তিনি যে উৎকৃষ্টরূপে কর্ম্ম করিয়াছেন, ইহা পূর্ব্বং লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবেরা স্বীকার করিয়াছেন।

উড়িষ্যার যে প্রকাণ্ড খালের কার্য্য চলিতেছে, শ্রীযুক্ত লেবিঞ্জ সাহেব চিরদিন তাহার একজন প্রধান স্বপক্ষ ও সবর্দ্ধক ছিলেন, কিন্তু শোণনদ হইতে জলসেচন করিবার প্রণালী সংক্রান্ত যে বৃহৎকার্য্য একণে প্রায় সম্পূর্ণ হইয়াছে, তাহা প্রারম্ভাবধি তাঁহার তত্ত্বাবধানে কল্পিত ও সম্পাদিত হইয়াছে এবং তৎসম্পর্কে তাঁহার নাম সর্ব্বদা গৌরবের সহিত স্মরণে থাকিবে।

শ্রীযুক্ত লেবিঞ্জ সাহেব ভারতবর্ষে কার্য্যকালে যেরূপ কার্য্য সম্পর্কীয় বিশিষ্টরূপ দক্ষতা ও শাসনশক্তি প্রকাশ করিয়াছেন, তাহাতে রাজকার্য্য হইতে এরূপ কার্য্যকারককে হারাইতে হইতেছে বলিয়া লেপ্টেনেণ্ট-গবর্ণর সাহেব দুঃখিত হইতেছেন।

৭ নম্বর।— ছুটী।—ত্রিহুত রেলওয়ের বর্দ্ধিতাংশের প্রস্তুত করণ বিভাগের প্রধান ইঞ্জিনিয়র শ্রীযুক্ত এচ, বেল সাহেব এই মাসের ৪ তারিখ অবধি ছয় সপ্তাহের অনুগ্রহের ছুটী পাইলেন।

এস, টি, ট্রেবর, কর্ণেল, আর, ই,
পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

স্থানীয় বর্ম্মাদি বিষয়ক।

১৮৮৪ সাল ৮ জানুয়ারি।

৮ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ বাকরগঞ্জ জিলার অন্তর্গত গৌরনদী থানার সামিল বজোরোরা পরগনার বাট্টাযোড় ও চন্দ্রহর নামে খ্যাত হরহরগ্রাম দিয়া বাট্টাযোড় অবধি চন্দ্রহর পর্য্যন্ত পথ প্রস্তুত করিবার নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে ভূমি গ্রহণ করা আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত পূর্ব্বোক্ত গ্রামে ৬,৭০০ ফুট পূর্ব্ব পশ্চিমে দীর্ঘ ও ৫২ ফুট প্রস্থ অর্থাৎ কম্বিনতে ২৪/৩৮৵ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে, তাহাদের অবগত্যর্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

জে, এম, হেউড, লেপ্টেনেণ্ট-কর্ণেল, আর, ই,
পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট-সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল, ১৫ জানুয়ারি।

সপ্তম খণ্ড।

রাজস্ব বিষয়ক সরকুলর।

১৮৮৩ সাল নবেম্বর মাস।

মান্যবর শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব সি, আই, ই।

১ নম্বর।

ভূমির রাজস্বের কার্য্যনির্ব্বাহ সংক্রান্ত ১৮৮২-৮৩ সালের বোর্ডের রিপোর্টের উপর গবর্ণমেণ্টের নির্দ্ধারণে নিম্নলিখিত যে মন্তব্য আছে, তৎপ্রতি রাজস্বসংক্রান্ত সমুদয় কার্য্যকারকের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

৯ দফা।—কিয়ৎকালীন বন্দোবস্তী মহাল বিষয়ক।

* * * "এনিমিত্ত শ্রীযুত রিবর্স টমসন সাহেব কেবল পুনর্ব্বার আপনার এই মত জানাইতে চাহেন যে, অধিক বাকী পড়া নিবারণ করা সর্ব্বোপরি প্রয়োজনীয়, এবং রাজস্ব ন্যায্যরূপে ধার্য্য হইয়া থাকিলে ও শস্য না হওয়াতে তলব বন্ধ রাখা আবশ্যক না হইলে, যে বাকী আদায় করা যাইতে পারিবে না তাহা অবিলম্বে রেহাই দেওয়া ও যাহা আদায় হইতে পারিবে তাহা অবিলম্বে আদায় করাই সর্ব্বোৎকৃষ্ট ও শ্রেষ্ঠ নীতি।"

২৭ দফা।—রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের কার্য্যচলন বিষয়ক।

রাজানুপালিত ব্যক্তিদের মহালের খাজানা আদায় করিতে সর্টিফিকেট প্রণালী প্রয়োগ সম্বন্ধে বোর্ড নিম্নলিখিত মন্তব্য ব্যক্ত করিয়াছেন।—

"২৪ পরগনা জিলায় রাজানুপালিত ব্যক্তিদের মহালের প্রাপ্য আদায় করণার্থ যে সকল সর্টিফিকেট দাখিল হইয়াছে, তাহার সংখ্যা বৃদ্ধি হওয়াতে কালেক্টর সাহেব বলিয়াছেন যে, কার্য্যাধ্যক্ষদের অধীন তহশীলদারেরা খাজানা আদায় করিবার কষ্ট হইতে আপনাদিগকে বাঁচাইবার নিমিত্ত রায়তদিগকে বাকীদার বলিয়া রিপোর্ট করে, যেন তাহাদের সম্বন্ধে সর্টিফিকেট প্রণালী অবলম্বিত হয়; ভাগলপুরের কমিশ্যনর সাহেবের রিপোর্টেও কার্য্যাধ্যক্ষদের বিরুদ্ধে এতদ্রূপ কথা আছে। বোর্ড এই প্রথা দূষিত বলিয়া প্রকাশ করিয়াছেন, এবং সম্প্রতি একটি সরকুলর অর্ডরে দেখাইয়া দিয়াছেন যে, পূর্ব্ব প্রণালীমতে যে স্থলে মোকদ্দমা হইত না তদ্রূপ কোন স্থলে সর্টিফিকেট অর্পণ করা উচিত নহে, এবং সর্টিফিকেটের কার্য্যচলন সম্বন্ধে কালেক্টরদের এপ্রকার উপযুক্ত সাবধানতা ও বিবেচনা দেখান উচিত, যাহাতে উক্ত প্রথা সম্বন্ধে কোনরূপ ভ্রান্তির সম্ভাবনা না থাকে। কোন কার্য্যাধ্যক্ষের আপন আফিসে বসিয়া

হাতারং সর্টিফিকেট লেখা উচিত নয়; তাঁহার উচিত যে খাজানা আদায় করিবার নিমিত্ত আপন সহকারিদিগকে উত্তেজিত করেন, এবং মোকদ্দমা করা ছাড়া অন্য সকল যুক্তিমত উপায়ে না হইলেই সর্টিফিকেট প্রণালী অবলম্বন করেন।"

এই সকল কথায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সম্পূর্ণরূপে সম্মতি দিতেছেন; বাস্তবিক তিনি রাজানুপালিত ব্যক্তিদের সম্পর্কীয় রিপোর্টের উপর গত বৎসর যে নির্দ্ধারণ লিপিবদ্ধ করেন, তাহাতে তিনি যে মন্তব্য লিখেন, তাহার সহিত এই সকল কথার সম্পূর্ণ সামঞ্জস্য আছে। শ্রীযুত রিবর্স টমসন সাহেব ভরসা করেন যে বোর্ড এই নীতি বলবৎ করিবার কোন সুযোগ ছাড়িবেন না; এবং তিনি ইচ্ছা করেন যে, রাজানুপালিত ব্যক্তিদের মহালের কোন কার্য্যাধ্যক্ষ উল্লিখিত প্রকারে সর্টিফিকেট প্রণালী অপব্যবহৃত করিতেছে দৃষ্ট হইলে, তাহাদের নাম বিশেষ করিয়া গবর্ণমেণ্টে রিপোর্ট করিতে হইবে।

৩৬ দফা।—আফিস পরিদর্শন বিষয়ক।

* * * "দুঃখ সহকারে শ্রীযুত রিবর্স টমসন সাহেব এই কথার উল্লেখ করিতেছেন যে, ১৬ জিলায় বৎসরের মধ্যে একের অধিক পরিদর্শন হয় নাই; আর কটক, বালেশ্বর ও মালদহে এই গুরুতর কার্য্যের ভার অধীন কার্য্যকারকদের প্রতি অর্পিত হইয়াছিল। কিন্তু এ কার্য্য জিলার কর্তৃপক্ষের স্বয়ং করাই উচিত ছিল।

* * * * * *

জিলার যে কর্ত্তৃপক্ষেরা স্বয়ং আপনাদের অধীন আফিস সকল সম্পূর্ণরূপে পরিদর্শন করিতে ত্রুটি করেন, বোর্ড তাঁহাদের নাম প্রতি বর্ষান্তে গবর্ণমেণ্টের নিকট বিশেষ করিয়া রিপোর্ট করেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের এইরূপ অনুরোধ।"

নির্দ্ধারণের ৩৬ দফায় যে মন্তব্য আছে তৎসম্বন্ধে কমিশনর সাহেবদিগকে অনুরোধ করা যাইতেছে যে, তাঁহাদের খণ্ডের অন্তর্গত জিলার যে কর্ত্তৃপক্ষেরা স্বয়ং আপনাদের অধীন আফিস সকলের যাথাসিক পরিদর্শন করিতে ত্রুটি করেন, তাঁহাদের নাম যথাক্রমে আপ্রিল ও অক্টোবর মাসের প্রথম সপ্তাহে বোর্ডে পাঠাইবেন।

---

২ নম্বর।

যে জিলায় সর্টিফিকেট লেখা যায়, সেই জিলা ছাড়া অন্য জিলায় কর আদায় সংক্রান্ত সর্টিফিকেট জারী করা গেলে, পরওয়ানার ফী ও খরচা আদায় সম্বন্ধে যে প্রণালী অনুসরণ করিতে হইবে, তদ্বিষয়ে বোর্ডের ১৮৮২ সালের জুলাই মাসের ১ নম্বর ও ১৮৮২ সালের আগষ্ট মাসের ৮ নম্বর সরকুলর অর্ডর সম্পর্কে কিছু সন্দেহ উত্থিত হওয়াতে, যে কার্য্যপ্রণালী কোন২ কালেক্টর অত্যন্ত সুবিধাজনক বলিয়া দেখিয়াছেন সেই কার্য্যপ্রণালী মূলে প্রণীত নিম্নলিখিত বিধি ১৮৮২ সালের জুলাই মাসের ১নং সরকুলর অর্ডরের ৭ধারাস্বরূপ পাঠ করিতে হইবে।

"জিলার পথকর কমিটীর পক্ষে সর্টিফিকেট জারী করা গেলে, ঐ কমিটী যে কালেক্টর সাহেবের নিকট সর্টিফিকেট জারী করণের প্রার্থনা করেন, সেই কালেক্টর সাহেবের নিকট পরওয়ানার ফী দিবার নিমিত্ত যে কোর্টফী ইষ্টাম্প দেন, তাহা উক্ত কালেক্টর সাহেব যে কালেক্টরকে সর্টিফিকেট জারী করিতে বলেন, তাঁহার নিকট পাঠাইবেন। উক্ত কোর্টফী ইষ্টাম্পের মূল্য এবং সর্টিফিকেট জারী করণসম্বন্ধে উক্ত জিলার কমিটী অন্য যে আদায়যোগ্য খরচ করিয়াছেন বলিয়া আদেশদাতা কালেক্টর সাহেব জারীকারক কালেক্টর সাহেবকে জানান, সেই খরচ জারীকারক কালেক্টর সাহেব সর্টিফিকেটভুক্ত করা বা অন্য প্রাপ্যের টাকার সহিত আদায় করিয়া পাঠাইবেন।"

শ্রীযুত এচ, এ, ককরেল সাহেব সি, এস, আই।

---

৩ নম্বর।

আমীরা বিনিময়ে ছাপাকরা ইষ্টাম্প না চাহিলে, দশ টাকার ও তদধিক মূল্যের অব্যবহৃত আটাল কোর্টফী ইষ্টাম্পের মূল্য নগদ ফিরাইয়া দিতে খাজানাখানার কর্ত্তৃপক্ষদের প্রতি ক্ষমতাদানসূচক ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিম্নলিখিত নির্দ্ধারণ বোর্ডের ১৮৮৩ সালের অক্টোবর মাসের ২ নং সরকুলর অর্ডরের অনুক্রমে সমুদয় রাজস্বসংক্রান্ত কার্য্যকারকের অবগতি ও উপদেশ নিমিত্ত প্রকাশ করা গেল।—

"ভারতবর্ষের গবর্ণমেণ্ট।
"রাজস্ব ও বাণিজ্য সংক্রান্ত কার্য্যবিভাগ।
"৩৭৩৫ নম্বর, ১৮৮৩ সাল ১৩ অক্টোবর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১২ জানুয়ারি।]

"নির্দ্ধারণ —১৮৮৩ সালের ২ আগষ্টের ১৬৪০ নং নির্দ্ধারণক্রমে স্থানীয় গবর্ণমেণ্টদের প্রতি এই ক্ষমতা দেওয়া গিয়াছিল যে, স্থানীয় গেজেটে নোটিশ প্রকাশ করিবার পর তিন মাসের মধ্যে দরখাস্ত করা গেলে, দশ টাকা ও তদধিক মূল্যের অব্যবহৃত আটাল কোর্ট ফী ইষ্টাম্পের পরিবর্ত্তে নূতন ছাপাকরা কোর্ট ফী ইষ্টাম্পের কাগজ দিতে পারিবেন।

"মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর-জেনরল সাহেবের ইচ্ছা এই যে, স্থানীয় গবর্ণমেণ্টগণ খাজানাখানার কর্ত্তৃপক্ষদিগকে এইরূপ আদেশ দেন যে, ১৮৮৩ সালের ২ আগষ্টের ২০৪০ নং নির্দ্ধারণক্রমে প্রকাশিত নোটিসে যে সময় নির্দ্ধারিত হইয়াছে সেই সময়ের মধ্যে দরখাস্ত করা গেলে, যদি স্বামীরা বিনিময়ে ছাপাকরা ইষ্টাম্প না চাহেন, তবে এরূপ আটাল ইষ্টাম্পের মূল্য নগদ ফেরত দেন।"

---

৪ নম্বর।

বোর্ডের আবকারী বিষয়ক পুস্তকে যে সকল বিধি আছে, তাহা বঙ্গদেশের আবকারী আইনের অর্থাৎ ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের বিধানের সহিত সম্পর্ক রাখে মাত্র; এই নিমিত্ত তাহা হইতে আফীম, মদত ও চণ্ডুর সমুদয় উল্লেখ বাদ দেওয়া বাঞ্ছনীয়। আফীম প্রভৃতি সম্বন্ধে বোর্ডের বিধিপুস্তকের ২য় বালমের ২ অধ্যায়ে স্বতন্ত্র বিধি প্রকাশ করা গিয়াছে। পূর্ব্বোক্ত অভিপ্রায় কলবৎ করণার্থ বোর্ডের বিধি পুস্তকের ১ বালমের ১২ অধ্যায়ে নিম্নলিখিত পরিচ্ছেদ ও পরিবর্ত্তন করিতে হইবে।—

১ পরিচ্ছেদ ২ ধারা (ভ) প্রকরণ।—"চণ্ডু" কথার পর "(১৮৭৮ সালের ১ আইন ও তৎক্রমে প্রকাশিত স্বতন্ত্র বিধি দেখ)" এই কথাগুলি দিতে হইবে।

১ পরিচ্ছেদ ৬ ধারা।—"এবং আফীম" এই কথা উঠাইয়া দাও।
১ পরিচ্ছেদ ১০ ধারা।—"মদত ও চণ্ডু" এই কথাগুলি উঠাইয়া দাও।
৩ পরিচ্ছেদ ১৮ ধারা।—"মদত ও চণ্ডু" এই কথাগুলি উঠাইয়া দাও।

২। বোর্ডের বিধিপুস্তকের ২ বালমের ২ অধ্যায়ে বোর্ডের আনুষঙ্গিক যে আফীম বিধি আছে, তাহাতেও নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে।—

১ পরিচ্ছেদ ২ ধারা।—"আফীম" এই কথার পর "মদত বা চণ্ডু" এই পাঠ করিতে হইবে।

২ পরিচ্ছেদ ৩ ধারা।—"আফীম" এই শব্দের পর "মদত বা চণ্ডু" এই কথা যোগ করিতে হইবে, এবং ঐ ধারার শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে।—"লাইসেন্স নীলাম করিবার সময়ে দুই মাসের ফীর তুল্য টাকা অগ্রিম লইতে হইবে।"

মাননীয় শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব সি, আই, ই।

---

৫ নম্বর।

হাবড়া মুনিসিপালিটীর ও কলিকাতার শাখানগর মুনিসিপালিটীর সীমার মধ্যে যে পোলীস নিযুক্ত থাকে, তাহার খরচের একাংশ মুনিসিপাল কণ্ড হইতে দিবার বিধান করা বাঞ্ছনীয়; অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "হাবড়া ও শাখানগরের মুনিসিপাল পোলীস বিষয়ক ১৮৮৪ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

ব্যাপ্তি।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৭৬ সালের ৫ আইনমতে কিম্বা বঙ্গদেশের মুনিসিপালিটী বিষয়ক ১৮৮৪ সালের আইনমতে প্রচারিত আজ্ঞাক্রমে নির্দ্দিষ্ট হাবড়ার ও কলিকাতার শাখানগরে এই আইন বর্ত্তিবে।

আরম্ভ।

আর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া যে তারিখের আদেশ করেন, সেই তারিখ অবধি এই আইন প্রবল হইবে।

মুনিসিপাল কণ্ড হইতে পোলীসের খরচ দিতে পারিবার কথা।

২ ধারা। হাবড়া মুনিসিপালিটীতে ও কলিকাতার শাখানগর মুনিসিপালিটীতে যে পোলীস নিযুক্ত থাকে, তাহার খরচ দিবার নিমিত্ত উক্ত দুই মুনিসিপালিটীর মুনিসিপাল কণ্ড এই আইনের বিধানের নিয়মাধীনে প্রয়োগ করা যাইতে পারিবে।

১৮৬১ সালের ৫ আইন মতে পোলীস নিযুক্ত হইবার কথা।

৩ ধারা। উক্ত দুই মুনিসিপালিটীতে নিযুক্ত বা কর্ম্মকারী সমুদয় পোলীস কর্ম্মচারী ১৮৬১ সালের ৫ আইনের বিধানমতে, কিম্বা তদ্রূপ যে আইন যৎকালে বলবৎ থাকে সেই আইনের বিধানমতে, নিযুক্ত হইবেন, এবং বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন পোলীস সেরেস্তার একাংশ বলিয়া গণ্য হইবেন, ও এই আইনে পরে যাহার বিধান আছে তদ্ভিন্ন স্থলে উক্ত কোন আইনের বিধানের নিয়মাধীন থাকিবেন।

মুনিসিপালিটীর বাহিরে মুনিসিপাল পোলীসকে কর্ম্ম করাইতে না হইবার কথা।

৪ ধারা। পরবর্ত্তী ধারায় যাহার বিধান আছে তদ্ভিন্ন স্থলে পোলীসের কোন কর্ম্মচারী, যে মুনিসিপাল পোলীসের ৮ ধারার লিখিত আয়ব্যয়ের অনুমানপত্র হিসাব করিয়া লেখা হইয়াছে, সেই মুনিসিপাল পোলীসদলের একাংশ হইলে, উক্ত মুনিসিপালিটীর পোলীস কর্ম্মচারীস্বরূপ নিযুক্ত থাকাকে

A Bill to regulate the Police in the Municipalities of Howrah & the Suburbs of Calcutta.

তাঁহার যে কোন কর্ম্ম করিতে হয়, সেই কর্ম্ম সম্পাদনার্থে না হইলে মুনিসিপালিটীর সীমার বাহিরে তিনি কর্ম্ম করিতে দায়ী থাকিবেন না।

মুনিসিপল সীমার বাহিরে পোলীস প্রেরণের কথা।

৫ ধারা। মুনিসিপালিটীর পোলীস কর্ম্মচারী স্বরূপ নিযুক্ত থাকাতে যে কোন কর্ম্ম করিতে হয় তদ্ভিন্ন কোন কর্ম্মে মুনিসিপালিটীর সীমার বাহিরে মুনিসিপল পোলীস দলের এক কিম্বা একাধিক ব্যক্তিকে বিশেষ করিয়া প্রেরণ করা আবশ্যক, মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের যখন এরূপ বোধ হইবে, মাজিষ্ট্রেট কিম্বা ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব উক্ত ব্যক্তিকে বা ব্যক্তিদিগকে সেই কর্ম্মে প্রেরণ করিতে পারিবেন, ও উক্ত ব্যক্তি বা ব্যক্তিরা সেই কর্ম্ম করিতে বাধ্য থাকিবেন।

কিন্তু যত কালের নিমিত্ত ঐরূপে প্রেরণ করা যায় তত কাল পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব উক্ত মুনিসিপালিটীর মধ্যে পোলীসের কর্ম্ম ভাল করিয়া করিবার নিমিত্ত উপযুক্ত বিধান করিবেন।

ঐরূপে প্রেরণ করা গেলে যত কালের নিমিত্ত প্রেরণ করা যায়, তত কাল ঐরূপে প্রেরিত পোলীসদলের ব্যক্তিদের বেতন ও তাহাদের প্রেরণ সংক্রান্ত অন্য সকল খরচ স্থানীয় গবর্ণমেণ্ট দিবেন, মিউনিসিপল কমিশনরেরা দিবেন না।

পোলীস সম্বন্ধীয় অনুমানপত্র প্রস্তুত করিবার কথা।

৬ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট যে পাঠ নির্দ্দেশ করেন সেই পাঠে পূর্ব্বোক্ত প্রত্যেক মুনিসিপালিটীর আয়ব্যয়ের অনুমানপত্র তাহা প্রস্তুত করিবার পর বৎসরের জন্য প্রস্তুত করা যাইবে, এবং ঐ অনুমানপত্র যে বৎসরের সম্বন্ধে হয় সেই বৎসরারম্ভ হইবার অন্যূন তিন মাস পূর্ব্বে তাহা মুনিসিপল কমিশ্যনরদের নিকট উপস্থিত করিতে হইবে।

অনুমানপত্রে যাহা২ লিখিতে হইবে তাহার কথা।

৭ ধারা। হাবড়ার অনুমানপত্র পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব এবং কলিকাতার শাখানগরের অনুমানপত্র কলিকাতার শাখানগরের পোলীসের ডেপুটী কমিশ্যনর সাহেব প্রস্তুত করিবেন এবং উক্ত প্রত্যেক মুনিসিপালিটীতে যে পোলীসদল রাখিতে হইবে তাহার সংখ্যা, গঠন ও বেতন ঐ অনুমানপত্রে লিখিতে হইবে।

অনুমানপত্র অনুবাদ করিতে ও কমিশ্যনরদের বিবেচনা করিতে হইবার কথা।

৮ ধারা। পোলীসের উক্ত অনুমানপত্র পাওয়া গেলে পর মুনিসিপল কমিশ্যনরেরা দেশীয় ভাষায় তাহার অনুবাদ করাইবেন, এবং ঐ অনুবাদ যে কোন ট্যাক্সদাতা দেখিতে পাইবেন।

আর তাহার পর কমিশ্যনরদের যে সভা হয়, সেই সভায় বিবেচনা নিমিত্ত তাঁহাদের সম্মুখে ঐ অনুমানপত্র উপস্থিত করা যাইবে।

মাজিষ্ট্রেট সাহেবের ও খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট অনুমানপত্র পাঠাইবার কথা।

৯ ধারা। ঐ সভার পর সভাগত কমিশ্যনরেরা যে কোন মন্তব্য বা আপত্তি লিপিবদ্ধ করেন তৎ সহিত ঐ অনুমানপত্র কমিশ্যনরগণ খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট প্রেরণ নিমিত্ত ও তৎকর্ত্তৃক স্থানীয় গবর্ণমেণ্টে প্রেরণ নিমিত্ত জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইয়া দিবেন।

অনুমানপত্র বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের স্থির করিতে হইবার কথা।

১০ ধারা। ঐরূপে যে অনুমানপত্র প্রেরিত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট তাহা বিবেচনা করিয়া দেখিবেন, এবং তাহা বা তাহার কোন অংশ অনুমোদন বা পরিবর্ত্তন করিতে পারিবেন। ঐ অনুমানপত্রে পোলীসের যে খরচের বিধান থাকে তাহার কত অংশ অনুমানপত্রের উল্লিখিত মুনিসিপালিটীর দিতে হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট ইহাও স্থির করিবেন।

কিন্তু ঐরূপে যে খরচ দিতে হইবে তাহা মুনিসিপালিটীর অন্তর্গত যোতের মোট মূল্যের শতকরা পাঁচ টাকার অধিক হইবে না, ও স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদিত অনুমানপত্রের মোট টাকার চতুর্থাংশের অধিক হইবে না।

খরচের মুনিসিপালিটী সংক্রান্ত অংশ যে রূপে লিখিতে ও দিতে হইবে তাহার কথা।

১১ ধারা। পূর্ব্বোক্তরূপে মুনিসিপালিটীর দিতে হইবে বলিয়া স্থানীয় গবর্ণমেণ্ট যত টাকা স্থির করিয়া দেন, তাহা বঙ্গদেশের মুনিসিপালিটী বিষয়ক ১৮৮৪ সালের আইনের ৭১ ধারামতে প্রস্তুত খরচের মুনিসিপল অনুমানপত্রে লিখিতে হইবে, এবং স্থানীয় গবর্ণমেণ্ট যে২ কিস্তির আদেশ করেন সেই২ কিস্তিমতে মুনিসিপল ফণ্ড হইতে কমিশ্যনরদের দিতে হইবে।

শাখানগরে কলিকাতা পোলীসের কমিশ্যনর সাহেবের ক্ষমতা রক্ষা করিবার কথা।

১২ ধারা। (কলিকাতার শাখানগরে পোলীসের সুবিধান করিবার) ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনে কলিকাতার শাখানগরের পোলীসের উপর যে কোন ক্ষমতা বা শক্তি কলিকাতা নগরের পোলীস কমিশ্যনর সাহেবের প্রতি অর্পিত হইয়াছে, এই আইনের কোন কথায় তিনি সেই ক্ষমতা বা শক্তিতে বঞ্চিত হইবেন না।

আর উক্ত ১৮৬১ সালের ৫ আইনমতে পোলীসের ইনস্পেক্টর জেনেরল সাহেবের প্রতি যে কোন ক্ষমতা ও শক্তি অর্পিত হইয়া থাকে, তিনি উক্ত শাখানগরের অন্তর্গত পোলীসের উপর সেই ক্ষমতা ও শক্তি চালাইতে পারিবেন না।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

বঙ্গদেশের মুনিসিপালিটী সংক্রান্ত আইনের যে পাণ্ডুলিপি এক্ষণে মন্ত্রিসভার উপস্থিত আছে, তাহাতে মুনিসিপল পোলীসের খরচ দিবার নিমিত্ত মুনিসিপল ফণ্ডের কোন অংশ ব্যয় করিবার অনুমতি নাই। এই বিষয়ের বর্ত্তমান ব্যবস্থা ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৫ পরিচ্ছেদে আছে, এবং কোন মুনিসিপালিটীতে যে পোলীস নিযুক্ত থাকে তাহার খরচের কোন অংশ দিতে হইলে মুনিসিপল কমিশ্যনরদের যে অংশ দিতে হইবে তাহা শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কয়েকটি নিয়ম বান্ধিয়া ১১১ ধারামতে স্থির করিয়া দিতে পারেন। এই বিবেচনা শক্তি অনুসারে কার্য্য করিয়া, বঙ্গদেশের গবর্ণমেণ্ট হাবড়া ও কলিকাতার শাখানগর ছাড়া মফঃসলের সমুদয় মুনিসিপালিটীর পোলীসের খরচ দিবার দায় হইতে উক্ত মুনিসিপালিটীদিগকে মুক্ত করিয়াছেন, এবং নূতন মুনিসিপল আইনের বিধান দ্বারা এই মুক্তি এক্ষণে দৃঢ়ীকৃত হইবে। কিন্তু এক্ষণে গবর্ণমেণ্টের এরূপ ক্ষমতা নাই যে হাবড়া ও কলিকাতার শাখানগর এই দুই মুনিসিপালিটীর স্থানে পোলীসের খরচ সম্বন্ধে কিঞ্চিৎ সাহায্য লইবার যে প্রয়োজন আছে তাহা হইতে মুক্ত হন। এই নিমিত্ত ঐ দুই মুনিসিপালিটীতে মুনিসিপল ফণ্ড হইতে পোলীসের খরচের কিয়দংশ দিবার ব্যবস্থা এই পাণ্ডুলিপিতে করা গিয়াছে। কিন্তু গবর্ণমেণ্টের এরূপ ইচ্ছা বা অভিপ্রায় নাই যে মুনিসিপল পোলীসের খরচ দিবার নিমিত্ত উক্ত দুই মুনিসিপালিটীর ফণ্ডের উপর দুর্ব্বহ খরচের ভার চাপাইয়া ঐ মুনিসিপালিটীদ্বয়কে ভারগ্রস্ত করেন। বর্ত্তমান যে উপবিধানে মুনিসিপালিটীর অন্তর্গত যোত সমূহের মোট বার্ষিক মূল্যের শতকরা পাঁচ টাকার অধিক খরচ না লইবার নিয়ম আছে, পাণ্ডুলিপিতে কেবল যে সেই উপবিধান পুনর্ব্বার বিধিবদ্ধ করা গিয়াছে এরূপ নহে, আরো বিধান করা গিয়াছে যে মুনিসিপল ফণ্ড হইতে যত খরচ লইতে হইবে তাহা পোলীস সংক্রান্ত অনুমানপত্রের মোট টাকার চতুর্থাংশের অধিক হইবে না। এক্ষণে শাখানগরের মুনিসিপালিটী পোলীসের খরচের অর্দ্ধেক এবং হাবড়া মুনিসিপালিটী চারিভাগের তিনভাগ দিয়া থাকেন; সুতরাং এই পাণ্ডুলিপি যেং মুনিসিপালিটী সম্বন্ধে খাটিবে এতদ্দারা তাহাদের আয়ব্যয় সম্বন্ধে বিশিষ্ট উপকার হইবে।

১৮৮৪ সাল ৯ ফেব্রুয়ারি। এচ, জে, রেনল্ডস।

সি, এচ, রাইলী,

ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L., *Bengali Translator.*

B 157--29-2-84--820

Numb. 2327 [২৩২৭]. [REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 4, 1884.

মঙ্গলবার, ১৮৮৪ সাল ৪ মার্চ্চ।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

REVENUE AND AGRICULTURAL DEPARTMENT.

NOTIFICATIONS.

General.

Calcutta, the 16th February 1884.

No. 120*G.*—The services of Mr. H. M. Kisch, Officiating Under-Secretary in the Revenue and Agricultural Department, are placed at the disposal of the Department of Finance and Commerce, with effect from the 18th instant.

The 21st February 1884.

No. 121*G.*—Mr. C. S. Bayley, Bengal Civil Service, is appointed to officiate as Under-Secretary to the Government of India in the Revenue and Agricultural Department, with effect from the forenoon of the 18th instant.

Exhibitions.

The 21st February 1884.

No. 177*Ex.*—Dr. J. Anderson, Superintendent, Indian Museum, is granted 8 months' furlough under section 49, chapter V, of the Civil Leave Code, with effect from the 12th March 1884, or any subsequent date on which he may avail himself of it.

T. W. Holderness,
Offg. Secy. to the Govt. of India.

DEPARTMENT OF FINANCE AND COMMERCE.

NOTIFICATIONS.

Calcutta, the 22nd February 1884.

No. 1091.—Mr. H. M. Kisch, B.C.S., having been appointed to officiate as Post Master General, Bengal, assumed charge of the appointment from Mr. H. E. M. James, Bo. C.S., before noon, on the 18th February 1884.

No. 1092 —The services of Mr. G. C. Walker, B.C.S., Officiating Assistant Accountant-General, Bengal, are replaced at the disposal of the Government of the Punjab, with effect from the 13th February 1884, inclusive.

Mr. O. T. Barrow, B.C.S., having been appointed to officiate as Assistant Accountant-General, Bengal, assumed charge of the duties of the office, on return from privilege leave, from Mr. G. C. Walker, B.C.S., after noon, on the 12th February 1884.

D. Barbour,
Secy. to the Govt. of India.

রাজস্ব ও কৃষিকার্য্য সংক্রান্ত কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

সাধারণ।

কলিকাতা, ১৮৮৪ সাল ১৬ ফেব্রুয়ারি।

১২০G নম্বর।—রাজস্ব ও কৃষিকার্য্য সংক্রান্ত কার্য্যবিভাগের একটিং ছোট সেক্রেটরী শ্রীযুত এচ, এম, কিশ সাহেব এই মাসের ১৮ তারিখ অবধি রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

১৮৮৪ সাল ২১ ফেব্রুয়ারি।

১৩১G নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত সি, এস, বেলি সাহেব এই মাসের ১৮ তারিখের পূর্ব্বাহ্ণ অবধি রাজস্ব ও কৃষিকার্য্য সংক্রান্ত কার্য্যবিভাগে ভারতবর্ষীয় গবর্ণমেন্টের ছোট সেক্রেটরীর কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

প্রদর্শনী বিষয়ক।

১৮৮৪ সাল, ২১ ফেব্রুয়ারি।

১৭৭ Ex নম্বর।—ইণ্ডিয়ান মিউজিয়মের সুপরিন্টেণ্ডেণ্ট ডাক্তার শ্রীযুত জে, আণ্ডার্সন সাহেব ১৮৮৪ সালের ১২ মার্চ্চ অবধি কিম্বা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন, তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৪৯ ধারামতে ৮ মাসের নিয়মিত ছুটী পাইলেন।

টি, ডবলিউ, হোল্ডার্নেশ,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

বিজ্ঞাপন।

কলিকাতা, ১৮৮৪ সাল ২২ ফেব্রুয়ারি।

১০৯১ নম্বর।—বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত এচ, এম, কিশ সাহেব বঙ্গদেশের পোষ্ট মাষ্টার জেনরালের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া ১৮৮৪ সালের ফেব্রুয়ারি মাসের ১৮ তারিখের পূর্ব্বাহ্ণে বোম্বাই সিবিল সর্ব্বিসে শ্রীযুত এচ, ই, এম, জেমস সাহেবের স্থানে উক্ত কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১০৯২ নম্বর।—বঙ্গদেশের একটিং আসিষ্টান্ট আকৌণ্টেণ্ট জেনরল বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত জি, সি, ওয়াকর সাহেব ১৮৮৪ সালের ১৩ ফেব্রুয়ারি অবধি পঞ্জাব গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে পুনঃ সংস্থাপিত হইলেন।

বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত ও, টি, বারো সাহেব বঙ্গদেশের আসিষ্টান্ট আকৌণ্টেণ্ট জেনরলের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া অনুগ্রহের ছুটী হইতে প্রত্যাবর্ত্তনপূর্ব্বক ১৮৮৪ সালের ফেব্রুয়ারি মাসের ১২ তারিখের অপরাহ্ণে বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত জি, সি, ওয়াকর সাহেবের স্থানে উক্ত পদের কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

ডি, বারবর,
ভারতবর্ষীয় গবর্ণমেন্টের সেক্রেটরী।

TUESDAY. MARCH 4, 1884.

মঙ্গলবার, ১৮৮৪ সাল ৪ মার্চ্চ।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1019 A.

GENERAL—*The 16th February* 1884.—Mr. T. E. Coxhead, Officiating Magistrate and Collector, Burdwan, acted in the second grade of Magistrates and Collectors from the 11th ultimo to the 8th instant, both days inclusive.

The 21st February 1884.—Mr. A. Forbes, Officiating Magistrate and Collector, Sarun, is allowed leave for two days, under section 71, chapter V of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 14th September last.

The 22nd February 1884.—Mr. W. M. Clay, Magistrate and Collector, Khoolna, is allowed furlough for a period of six months, under section 49, chapter V of the Civil Leave Code, with effect from the 1st April 1884, or such subsequent date as he may avail himself of it.

Mr. E. McL. Smith, Deputy Magistrate and Deputy Collector, Pakour, Sonthal Pergunnahs, is allowed leave for ten days, under section 71, chapter V of the Civil Leave Code, with effect from the 25th proximo.

The 25th February 1884.—Mr. H. P. Peterson, Officiating Joint Magistrate and Deputy Collector, Buxar, Shahabad, is allowed furlough for twenty months under section 49 of the Civil Leave Code, with effect from the 15th proximo.

Mr. T. L. L. Jenkins, Assistant Magistrate and Collector, Jehanabad, Gya, is transferred to Shahabad, and is appointed to have charge of the Buxar sub-division of that district.

Baboo Mohim Chunder Ghose, Deputy Magistrate and Deputy Collector, Shahabad, is transferred to Gya, and is appointed to have charge of the Jehanabad Sub-division of that district.

Mr. E. Stewart, Deputy Magistrate and Deputy Collector, Mozufferpore, is allowed leave for one month under section 71, chapter V of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it.

The 26th February 1884.—Baboo Gobindo Mohun Ghose, Deputy Magistrate and Deputy Collector, Chumparun, on leave, is posted to the Sudder Station of the district of Bhagulpore.

Moulvie Syud Sakhawat Hosain is appointed to be an Officiating Deputy Magistrate and Deputy Collector, and is posted to the sudder station of the district of Maldah.

Baboo Khudiram Poddar, Temporary Sub-Deputy Collector, Bagirhat, Khoolna, is transferred temporarily to the sudder station of that district.

Munshi Nundjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, Singbhoom, is allowed leave for seven days, under section 71, chapter V of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 13th November last.

The order of the 27th November last, granting leave on medical certificate for 11 days to Molvie Maffizuddin, Deputy Magistrate and Deputy Collector, Nuddea, is cancelled.

Mr. W. C. Muller, Deputy Magistrate and Deputy Collector, Burdwan, is transferred to Furreedpore, and is appointed to have charge of the Goalundo Sub-division of that district.

This cancels the orders of the 18th and 19th instant, appointing Mr. N. Warde-Jones and Baboo Troylucko Nath Sen to have charge of the Goalundo and Rampore Hât Sub-divisions of the Furreedpore and Beerbhoom districts respectively.

Baboo Rutton Lall Ghose, Deputy Magistrate and Deputy Collector, Tipperah, is appointed to have charge of the Brahmunberiah Sub-division of that district.

Baboo Gobind Chunder Bysack, Temporary Deputy Magistrate and Deputy Collector, Brahmunberiah, Tipperah, is appointed to have charge of the Chandpore Sub-division of that district.

Baboo Nilmoney Cowar, Deputy Magistrate and Deputy Collector, Mymensing, on leave, is posted to the Brahmunberiah Sub-division of the district of Tipperah.

[*Government Gazette, 4th March* 1884.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

১০১৯ A নম্বর।

সাধারণ।—১৮৮৪ সাল ১৬ ফেব্রুয়ারি।—বর্দ্ধমানের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি, ই, কক্স্হেড সাহেব, গত মাসের ১১ তারিখ অবধি এই মাসের ৮ তারিখ পর্য্যন্ত মাজিষ্ট্রেট ও কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কার্য্য করিয়াছেন।

১৮৮৪ সাল ২১ ফেব্রুয়ারি।—সারণের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, করবেণ সাহেব, গত ১৪ সেপ্টেম্বরের আদেশমতে প্রদত্ত ছুটীর অতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে ২ দিনের ছুটী প্রাপ্ত হইলেন।

১৮৮৪ সাল ২২ ফেব্রুয়ারি।—খুলনার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলু, এম, ক্লে সাহেব ১৮৮৪ সালের ১ আপ্রেল অবধি, অথবা তৎপরবর্ত্তী যে দিন ছুটী গ্রহণ করেন তদবধি, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৪৯ ধারামতে ৬ মাসের নিয়মিত ছুটী প্রাপ্ত হইলেন।

সাঁওতাল পরগনার অন্তর্গত পাকোড়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই, ম্যাকুল স্মিথ সাহেব আগামী মাসের ২৫ তারিখ অবধি, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে ১০ দিনের ছুটী প্রাপ্ত হইলেন।

১৮৮৪ সাল ২৫ ফেব্রুয়ারি।—শাহাবাদের অন্তর্গত বকসারের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, পি, পিটরসন্ সাহেব আগামী মাসের ১৫ তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৪৯ ধারামতে ২০ মাসের নিয়মিত ছুটী প্রাপ্ত হইলেন।

গয়ার অন্তর্গত জাহানাবাদের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি, এল, এল, জেন্‌কিন্‌স্ সাহেব শাহাবাদে প্রেরিত হইয়া ঐ জিলার বক্সার মহকুমার ভার গ্রহণার্থ নিযুক্ত হইলেন।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহিমচন্দ্র ঘোষ গয়ায় প্রেরিত হইয়া ঐ জিলার জাহানাবাদ মহকুমার ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

মজঃফরপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই, ষ্টুয়ার্ট সাহেব, যে দিবস ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে এক মাসের ছুটী প্রাপ্ত হইলেন।

১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—চাম্পারণের ছুটীপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দমোহন ঘোষ ভাগলপুর জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

মৌলবী সায়দ সখাওত হোসেন একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর পদে নিযুক্ত হইয়া মালদা জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

খুলনার অন্তর্গত বাগেরহাটের কিয়ৎকালীন সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত খুদিরাম পোদ্দার কিয়ৎকালের জন্য ঐ জিলার সদর মোকামে প্রেরিত হইলেন।

সিংহভূমের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর, শ্রীযুত মুন্সী নন্দজী গত ১৩ নবেম্বরের আজ্ঞামতে প্রদত্ত ছুটীর অতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে ৭ দিনের ছুটী প্রাপ্ত হইলেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মফিজুদ্দীনকে গত নবেম্বর মাসের ২৭ তারিখের আদেশমতে চিকিৎসকের সার্টিফিকটক্রমে প্রদত্ত ১১ দিনের ছুটী এতদ্দ্বারা রহিত হইল।

বর্দ্ধমানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলু, সি, মুলার সাহেব, ফরীদপুর জিলায় প্রেরিত হইয়া ঐ জিলার গোয়ালন্দ মহকুমার ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এন, ওয়ার্ড জোন্‌স্ সাহেব ও শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ সেনকে ফরীদপুর ও বীরভূম জিলার অন্তর্গত ক্রমান্বয়ে গোয়ালন্দ ও রামপুরহাট মহকুমার ভার গ্রহণার্থ নিয়োগ বিষয়ক এই মাসের ১৮ ও ১৯ তারিখের আদেশ এতদ্দ্বারা রহিত করা গেল।

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রতনলাল ঘোষ ঐ জিলার ব্রাহ্মণবেড়িয়া মহকুমার ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

ত্রিপুরার অন্তর্গত ব্রাহ্মণবেড়িয়ার কিয়ৎকালীন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দ চন্দ্র বসাক ঐ জিলায় চাঁদপুর মহকুমার ভার গ্রহণার্থ নিযুক্ত হইলেন।

ময়মনসিংহের ছুটীপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নীলমণি কোঙার, ত্রিপুরার অন্তর্গত ব্রাহ্মণবেড়িয়া মহকুমায় অবস্থাপিত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৪ মার্চ্চ।]

POLICE.—*The 25th February* 1884.—The services of Mr. R. A. D'O. Bignell, Assistant Superintendent of Police, are placed at the disposal of the Cooch Behar State, with effect from the 18th January 1884.

Mr. G D. Graham, Assistant Superintendent of Police, is allowed leave for two and a half months, under section 71, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved of the special duty on which he is at present employed.

Mr. H. S. Schurr, Assistant Superintendent of Police, is allowed leave for 42 days under section 71, Chapter V of the Civil Leave Code, in extension of the leave granted to him under the order of the 21st November last.

The 26th February 1884.—Mr. A. S. Judge, Assistant Superintendent of Police, in charge of the District Police, Maldah, is appointed to act in the first grade of Assistant Superintendents of Police, during the absence, on leave, of Mr. H. S. Schurr, or until further orders.

Mr. E. St. George Kaye, Assistant Superintendent of Police, Manbhoom, is appointed to act, until further orders, in the first grade of Assistant Superintendents of Police, with effect from the 17th December 1883.

ECCLESIASTICAL.—*The 26th February* 1884.—The Rev. Ananda Chunder Daffadar, Baptist Missionary, is authorized, under clause 5, section 5, Act XV of 1872, to grant certificates of marriage between Native Christians.

REGISTRATION.—*The 26th February* 1884.—Baboo Ambica Parsad, joint Sub-registrar of Motihari (Kesariya), in Chumparun, is appointed to be Rural Sub-registrar of Seetamurhee, in the district of Mozufferpore.

Baboo Kally Prosunno Dey is appointed to be Rural Sub-Registrar of Magoora, in the district of Jessore, on probation for six months, with effect from the 15th proximo, from which date the sub-divisional officer of Magoora will cease to be in charge of the Sub-Registry office at that station.

EDUCATION.—*The 21st February* 1884.—Rai Sohan Lal, Urdu and Hindu Translator to Government, is allowed leave for one month, under section 71, chapter V of the Civil Leave Code, with effect from the 18th instant.

Dr. A. F. R. Hœrnle, Officiating Principal of the Calcutta Madrissa, is appointed to be Principal of the Calcutta Madrissa College with effect from the 1st February 1884.

The 25th February 1884.—Mr. G. A. Stack, Professor, Patna College, is allowed leave for two months and fifteen days, under section 127, chapter X of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

The 26th February 1884.—The following gentlemen are appointed to be members of the District School Committee of Chumparun:—

Baboo Annada Prosad Bose, Temporary Deputy Magistrate and Deputy Collector, *vice* Baboo Gobindo Mohun Ghose.

Baboo Chaitanya Prosad Barat, Head Master, Motihari Zillah School, *vice* Baboo Tripura Churn Banerjee, transferred.

Baboo Chaitanya Prosad Barat is also appointed to be Secretary to the above Committee, *vice* Baboo Tripura Churn Banerjee.

OPIUM.—*The 9th February* 1884.—Mr. J. D. Savi, Sub-Deputy Opium Agent, Tehta, Behar Agency, is allowed leave for three months, under section 71, chapter V of the Civil Leave Code, with effect from the 15th proximo, or from such subsequent date as he may avail himself of it.

Mr. H. F. Drummond, Assistant Sub-Deputy Opium Agent, Monghyr, Behar Agency, is appointed to act as Sub-Deputy Opium Agent of Tehta, during the absence, on leave, of Mr. J. D. Savi, or until further orders.

The 21st February 1884.—Mr. A. W. Osborne, Assistant Sub Deputy Opium Agent, Benares Agency, is allowed privilege leave for fourteen days, with effect from the 8th instant.

[*Government Gazette, 4th March* 1884.]

পোলীস বিষয়ক।—১৮৮৪ সাল ২৫ ফেব্রুয়ারি।—পোলীসের আসিষ্টান্ট সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর, এ, ডিঙ, বিগনেল সাহেব ১৮৮৪ সালের ১৮ জানুয়ারি অবধি কুচবিহার রাজ্যের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

পোলীসের আসিষ্টান্ট সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, ডি, গ্রেহাম সাহেব, বর্ত্তমানে যে বিশেষ কার্য্যে নিযুক্ত আছেন তাহা যে তারিখে অন্যের প্রতি অর্পণ করিবেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে আড়াই মাসের ছুটী প্রাপ্ত হইলেন।

পোলীসের আসিষ্টান্ট সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, এস, স্মর সাহেব, গত ২১ নবেম্বরের আদেশমতে প্রদত্ত ছুটীর অতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে, ৪২ দিনের ছুটী প্রাপ্ত হইলেন।

১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—ছুটীপ্রযুক্ত শ্রীযুত এচ, এস, স্মর সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় মালদহের জিলা পোলীসের ভারপ্রাপ্ত পোলীসের আসিষ্টান্ট সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, এস, জজ সাহেব, পোলীসের আসিষ্টান্ট সুপারিন্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

মানভূমের পোলীসের আসিষ্টান্ট সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই, সেন্ট, জর্জ্জ কে সাহেব, ১৮৮৩ সালের ১৭ ডিসেম্বর অবধি যাবৎ অন্য আজ্ঞা না হয়, পোলীসের আসিষ্টান্ট সুপারিন্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

ধর্ম্মকার্য্য বিষয়ক।—১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—বাপ্তিস্ট মিশনরী পাদরী শ্রীযুত আনন্দচন্দ্র দফাদার ১৮৭২ সালের ১৫ আইনের ৫ ধারার ৫ প্রকরণমতে দেশীয় খৃষ্টীয়ানদের বিবাহের সর্টিফিকট দিবার ক্ষমতা প্রাপ্ত হইলেন।

রেজিষ্টরী বিষয়ক।—১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—চাম্পারণে মতিহারীর (কেসারিয়ার) জাইন্ট সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু অম্বিকাপ্রসাদ মজঃফরপুর জিলায় সীতামঢ়ীর গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু কালীপ্রসন্ন দে আগামী মাসের ১৫ তারিখ হইতে ছয় মাসের জন্য পরীক্ষার্থে যশোহর জিলায় মাগুরার গ্রাম্য সব-রেজিষ্ট্রার পদে নিযুক্ত হইলেন। ঐ দিবস হইতে মাগুরা মহকুমার কর্ত্তৃপক্ষ ঐ মোকামের সব-রেজিষ্ট্রারী আপীসের ভার হইতে মুক্ত হইবেন।

শিক্ষাবিষয়ক।—১৮৮৪ সাল ২১ ফেব্রুয়ারি।—গবর্ণমেন্টের উর্দ্দু ও হিন্দী অনুবাদক শ্রীযুত রায় সোহন লাল, এই মাসের ১৮ তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে এক মাসের ছুটী প্রাপ্ত হইলেন।

কলিকাতা মাদ্রাসার এক্টিং অধ্যক্ষ শ্রীযুত ডাক্তার এ, এফ, আর, হর্ণলি সাহেব, ১৮৮৪ সালের ১ ফেব্রুয়ারি অবধি কলিকাতা মাদ্রাসা কালেজের অধ্যক্ষ পদে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ২৫ ফেব্রুয়ারি।—পাটনা কলেজের অধ্যাপক শ্রীযুত জি, এ, ষ্টাক সাহেব, যে দিবস ছুটী গ্রহণ করেন, তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৭ ধারামতে ২ মাস ১৫ দিনের ছুটী প্রাপ্ত হইলেন।

১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—নিম্নলিখিত মহাশয়েরা চাম্পারণ জিলার স্কুল কমিটীর মেম্বর পদে নিযুক্ত হইলেন।—

শ্রীযুত বাবু গোবিন্দমোহন ঘোষের পরিবর্ত্তে কিয়ৎকালীন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অন্নদাপ্রসাদ বসু।

স্থানান্তরে প্রেরিত শ্রীযুত বাবু ত্রিপুরাচরণ বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে মতিহারী জিলা স্কুলের হেড-মাষ্টার শ্রীযুত বাবু চৈতন্য প্রসাদ বরাট।

শ্রীযুত বাবু ত্রিপুরাচরণ বন্দ্যোপাধ্যায়ের পরিবর্ত্তে শ্রীযুত বাবু চৈতন্য প্রসাদ বরাট ঐ কমিটীর সেক্রেটরীও নিযুক্ত হইলেন।

আফীন বিষয়ক।—১৮৮৪ সাল ৯ ফেব্রুয়ারি।—বেহার এজেন্টির তেহতার আফীনের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত জে, ডি, সাবি সাহেব, আগামী মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পরবর্ত্তী যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে ৩ মাসের ছুটী প্রাপ্ত হইলেন।

ছুটীপ্রযুক্ত শ্রীযুত জে, ডি, সাবি সাহেবের অনুপস্থিত কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় বেহার এজেন্টির মুঙ্গেরের আফীনের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত এচ, এফ, ড্রমণ্ড সাহেব, তেহতার আফীনের সব-ডেপুটী এজেন্টের কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ২১ ফেব্রুয়ারি।—বনারস এজেন্টির আফীনের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত এ, ডবলু, অশবরণ সাহেব, এই মাসের ৮ তারিখ অবধি ১৮ দিনের অনুপস্থের ছুটী প্রাপ্ত হইলেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৪। ৪ মার্চ্চ।]

MEDICAL.— *The* 19*th February* 1884.—Mr. W. A. Williams, Apothecary of the Medical College Hospital, is appointed to be Steward of the Presidency General Hospital, with effect from the date on which he joined his appointment, *vice* Mr. J. F. Mills, transferred to the Military Department.

Mr. R. N. Burgess, Assistant Apothecary of the Medical College Hospital, is appointed temporarily to be Apothecary of that Hospital.

The 25*th February* 1884.—Surgeon-Major J. O'Brien, Officiating Civil Surgeon, Shahabad, is appointed to act as Professor of Surgical and Descriptive Anatomy, Medical College, Calcutta, during the absence, on leave, of Surgeon-Major D. O'C. Raye, or until further orders.

Assistant Surgeon Baney Madhub Tagore, in medical charge of the sub-division of, and the charitable dispensary at, Seetamurhee, is allowed furlough for one year under section 131 of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved.

The 26*th February* 1884.—Assistant Surgeon Aghore Nath Bose, in charge of the Charitable Dispensary at Chupra, is allowed leave for one month, under section 71, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved.

Assistant Surgeon Hari Mohun Sen, a supernumerary at the Presidency, is appointed to have charge of the Charitable Dispensary at Chupra during the absence, on leave, of Assistant Surgeon Aghore Nath Bose, or until further orders.

MUNICIPAL—*The* 20*th February* 1884.—Baboo Ambika Churn Moitra is appointed to be a Commissioner of the Municipality of Coomercolly in the district of Nuddea.

The 21*st February* 1884.—The Lieutenant-Governor approves the election by the Commissioners of the Mozufferpore Municipality of Mr. H. J. H. Fasson, Joint Magistrate and Deputy Collector, to be their Vice-Chairman.

The 22*nd February* 1884.—Shah Eradut Hosein is appointed to be a Commissioner of the Monghyr Municipality.

The 23*rd February* 1884.—The Lieutenant-Governor approves the re-election by the Commissioners of the Jungipore Municipality of Baboo Krishna Ballabha Roy to be their Vice-Chairman.

The 26*th February* 1884.—Mr. D. McL. Morrison is re-appointed to be a Commissioner of the Howrah Municipality.

ROAD CESS.—*The* 22*nd February* 1884.—Dr. Edward Bovill is appointed to be a member of the District Road Committee of Champarun, *vice* Dr. G. Price, transferred.

The following gentlemen are appointed members of the District Road Committee of Gya:—

Moulvie Aulad Ali, *vice* Baboo Ambica Prashad Singh.

Baboo Roy Ram Narain Singh, *vice* Raja Bhekun Narayan Singh, Bahadoor.

Syed Ali Husen, *vice* Baboo Nararungden Narain Singh.

Baboo Doorga Sunker Bhuttacharjea, *vice* Baboo Rameshur Parshad Narain Singh.

,, Chota Lall Sijwar, C.I.E., *vice* Syed Abu Sabh.

Moulvie Fukharudin, *vice* Munshi Ekbal Ali.

The following notification is republished from the *Assam Gazette*:—

No. 46.—*The* 13*th February* 1884.—The services of Mr. G. J. Cawley, District Superintendent of Police, Assam, were placed at the disposal of the Government of India in the Home Department, for employment in Bengal, with effect from the 1st December 1883.

F. B. PEACOCK,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette,* 4*th March* 1884.]

চিকিৎসা বিষয়ক।—১৮৮৪ সাল ১৯ ফেব্রুয়ারি।—শ্রীযুত জে, এফ মিলস্ সাহেব মিলিটরী ডিপার্টমেণ্টে প্রেরিত হওয়াতে মেডিকাল কলেজ হাঁস্পাতালের আপথিকারী শ্রীযুত ডবলু, এ, উইলিয়মস্ সাহেব, যে তারিখে কর্ম্ম গ্রহণ করেন তদবধি, প্রেসিডেন্সি জেনেরল হাঁস্পাতালের ষ্টিওয়ার্ড পদে নিযুক্ত হইলেন।

মেডিকাল কালেজ হাঁস্পাতালের আসিষ্টাণ্ট আপথিকারী শ্রীযুত আর, এন, বর্জেস সাহেব, কিয়ৎকালের জন্য ঐ হাঁস্পাতালের আপথিকারী নিযুক্ত হইলেন।

১৮৮৪ সালে ২৫ ফেব্রুয়ারি।—ছুটী প্রযুক্ত সার্জ্জন-মেজর শ্রীযুত ডি, ওসি রাই সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় সাহাবাদের একটিং সিবিল চিকিৎসক, সার্জ্জন-মেজর শ্রীযুত জে, ওব্রাএন সাহেব, কলিকাতা মেডিকাল কালেজের অস্ত্র চিকিৎসা বিষয়ক ও বিবরণ বিষয়ক ব্যবচ্ছেদ বিদ্যার অধ্যাপকের কার্য্য করিতে নিযুক্ত হইলেন।

সীতামঢ়ী মহকুমার ও তথাকার দাতব্য ঔষধালয়ের চিকিৎসাভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট সার্জ্জন শ্রীযুত বেণীমাধব ঠাকুর, যে দিবস অন্যের প্রতি স্বীয় কার্য্যের ভার অর্পণ করেন তদবধি, সিবিল কার্য্য-কারকদের ছুটীর বিধির ১৩১ ধারামতে এক বৎসরের নিয়মিত ছুটী প্রাপ্ত হইলেন।

১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—ছাপরা দাতব্য ঔষধালয়ের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট সার্জ্জন শ্রীযুত অঘোরনাথ বসু যে দিবস অন্যের প্রতি স্বীয় কার্য্যের ভার অর্পণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে এক মাসের ছুটী প্রাপ্ত হইলেন।

ছুটীপ্রযুক্ত আসিষ্টাণ্ট সার্জ্জন শ্রীযুত অঘোরনাথ বসুর অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রাজধানীতে অতিরিক্ত আসিষ্টাণ্ট সার্জ্জন শ্রীযুত হরিমোহন সেন ছাপরা দাতব্য ঔষধালয়ের ভার গ্রহণার্থ নিযুক্ত হইলেন।

মুনিসিপালিটী বিষয়ক।—১৮৮৪ সাল ২০ ফেব্রুয়ারি।—শ্রীযুত বাবু অম্বিকাচরণ মৈত্র নদীয়া জিলার কুমারখালি মুনিসিপালিটীর কমিশ্যনর নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ২১ ফেব্রুয়ারি।—মজঃফরপুর মিউনিসিপালিটীর কমিশ্যনরেরা জাইণ্ট-মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, জে, এচ, কাসন সাহেবকে আপনাদের প্রতিনিধিসভাপতি পদে মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৮৪ সাল ২২ ফেব্রুয়ারি।—শ্রীযুত সাহ ইরাদত হোসেন মুঙ্গের মুনিসিপালিটীর কমিশ্যনর পদে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ২৩ ফেব্রুয়ারি।—জঙ্গীপুর মুনিসিপালিটী কমিশ্যনরেরা শ্রীযুত বাবু কৃষ্ণবল্লভ রায়কে পুনরায় আপনাদের প্রতিনিধিসভাপতির পদে মনোনীত করায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিলেন।

১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—শ্রীযুত ডি, ম্যাকল মরিসন সাহেব পুনরায় হাবড়া মুনিসিপালিটীর কমিশ্যনর পদে নিযুক্ত হইলেন।

পথকর বিষয়ক।—১৮৮৪ সাল ২২ ফেব্রুয়ারি।—শ্রীযুত জি, প্রাইস সাহেব স্থানান্তরিত হওয়ায় শ্রীযুত ডাক্তার এডওয়ার্ড, ববিল সাহেব চাম্পারণের জিলা পথ কমিটির মেম্বর পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা গয়া জিলার পথ কমিটীর মেম্বর পদে নিযুক্ত হইলেন।—

শ্রীযুত বাবু অম্বিকাপ্রসাদ সিংহের পরিবর্ত্তে শ্রীযুত মৌলবী উলাদ আলি।
শ্রীযুত রাজা ভেখন নারায়ণ সিংহ বাহাদুরের পরিবর্ত্তে শ্রীযুত বাবু রায় রামনারায়ণ সিংহ।
শ্রীযুত বাবু নারায়ণদীন নারায়ণ সিংহের পরিবর্ত্তে শ্রীযুত সৈয়দ আলী হুসেন।
শ্রীযুত বাবু রামেশ্বর প্রসাদ নারায়ণ সিংহের পরিবর্ত্তে শ্রীযুত বাবু দুর্গাশঙ্কর ভট্টাচার্য্য।
শ্রীযুত টেম্বল আবু সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ছোটালাল সিজুয়ার সিং, আই, ই,।
শ্রীযুত মুন্সী একবাল আলির পরিবর্ত্তে শ্রীযুত মৌলবী কথর উদ্দীন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত হইল।—

৪৬ নম্বর।—১৮৮৪ সাল ১৩ ফেব্রুয়ারি।—আসামের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, জে, কলে সাহেব, ১৮৮৩ সালের ১ ডিসেম্বর অবধি, বঙ্গদেশে নিয়োগের জন্য, হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৪ মার্চ।]

NOTIFICATION.

The 19th February 1884.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, under clause 2, section 34, Act V (B.C.) of 1876, to vest in the Commissioners of the Rampore Beauleah Municipality the charitable dispensary situated within that Municipality, the said dispensary not being private property or the property of any religious institution or society.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 20th February 1884.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, under clause 2, section 34, Act V (B.C.) of 1876, to vest in the Commissioners of the Sherepore Municipality in the district of Bogra the charitable dispensary situated within that municipality, the said dispensary not being private property or the property of any religious institution or society.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 26th February 1884.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, under clause 2, section 34, Act V (B.C.) of 1876, to vest in the Commissioners of the Kurseong Municipality the Charitable Dispensary situated within that municipality, the said dispensary not being private property or the property of any religious institution or society.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 26th February 1884.—It is hereby notified for general information that, in the exercise of the power conferred on him by section 234 of Act V (B.C.) of 1876, and on the recommendation of the Commissioners of the Joynagore Municipality, in the district of the 24-Pergunnahs, made at a meeting, the Lieutenant-Governor intends to extend the provisions of sections 235, 236, 240, 241, 244 to 248, 251, 252, 271 to 274, and 278 to 284 of Part VII of the said Act to the above mentioned Municipality, unless good reasons be shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 26th February 1884.—Under section 6, Act IV (B.C.) of 1876, the Lieutenant-Governor appoints Mr. W. Duff Bruce to be a Commissioner of the town of Calcutta, *vice* Mr. H. A. Adkin resigned.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 4th March* 1884.]

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ১৯ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, রামপুর বোয়ালিয়া মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তি বিশেষের বা কোন ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২০ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, বগুড়া জিলার অন্তর্গত সেরপুর মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তিবিশেষের বা কোন ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার দুই প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, করিমগঞ্জ মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে, তাহা ব্যক্তিবিশেষের বা কোন ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৪ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—সাধারণের অবগতার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ২৪ পরগণার অন্তর্গত জয়নগর মুনিসিপালিটীর মধ্যে এই বিজ্ঞাপন প্রকাশ হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিযুক্ত বিরুদ্ধ কারণ দর্শান না গেলে, উক্ত মুনিসিপালিটী সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে ও ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২৩৪ ধারামতে প্রদত্ত ক্ষমতাক্রমে কার্য্য করিয়া, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, উপরোক্ত মুনিসিপালিটীতে ঐ আইনের ৭ ম পরিচ্ছেদের ২৩৫, ২৩৬, ২৪০, ২৪১, ২৪৪—২৪৮, ২৫১, ২৫২, ২৭১—২৭৪ এবং ২৭৮—২৮৪ ধারার বিধান সকল প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—শ্রীযুত এচ, এ, আডকিন সাহেব পদ ত্যাগ করাতে, ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৬ ধারামতে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব শ্রীযুত ডবলু, ডক, ক্রস সাহেবকে কলিকাতা নগরের কমিশ্যনর পদে নিযুক্ত করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ৪ মার্চ্চ।]

NOTIFICATION.

The 25th February 1884.—Plans and estimates, amounting to Rs. 4,33,750, for the acquisition of land and for the construction of a line from the East Indian Railway at Howrah to the new river-side road at Shalimar Point, and for the erection at that place of an export wharf and landing stages to facilitate the loading of cargo boats, having been submitted by the Commissioners for making improvements in the Port of Calcutta, with their Vice-Chairman's letter No. 2565, dated the 28th September 1883, the Lieutenant-Governor, with the previous approval of the Governor-General in Council, sanctions the works under the provisions of section 35 of Act V (B.C.) of 1870.

A. P. MACDONNELL,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 25th February 1884.—WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the construction of a road with a railway thereon to connect the goods terminus of the East Indian Railway station at Howrah with the river-side road and wharves constructed along the west or right bank of the river Hooghly at Howrah by the Commissioners for making Improvements in the Port of Calcutta, it is hereby declared that for the above purpose a strip of land situate between the Telkul Ghât Road and the Strand Road at Howrah, measuring more or less 1,200 feet in length, and varying from 30 feet to 100 feet in width, is required. The land is bounded as follows: On the north by the premises of the East Indian Railway Company; on the south by the new road under construction by the Port Commissioners; on the west by land belonging partly to Messrs. Burn and Co. and partly to Baboo Poorno Chunder Roy and other zemindars; on the east by land belonging partly to Messrs. Burn & Co. and partly to Baboo Poorno Chunder Roy and other zemindars.

This declaration is made under the provisions of Part II, section 6, Act X of 1870, to all whom it may concern.

A plan of the land may be inspected in the office of the Deputy Collector for Railways at the Board of Revenue.

A. P. MACDONNELL.
Offg. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 21st February 1884.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the South Suburban Municipality for a public purpose, viz., for excavating a tank in the village of Russa *alias* Chandpur, pergunnah Khaspur, in the District of the 24-Pergunnahs, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 1 bigha 9 cottas 8⅗ chittacks of standard measurement, is required. The land is bounded on the north by Nundo Lall Mitter's house and Kali Charan Ghose's garden, on the south by Bosepura Lane, on the west by Prince Bahram Shah's garden and Nundo Lall Mitter's temple, and on the east by Kali Churan Ghose's garden and a portion of the public road.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

DECLARATION.

The 22nd February 1884.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz. for extending Bhogoban Banerjee's Lane to Nather Bagan Street,

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২৫ ফেব্রুয়ারি।—কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরগণ, হাবড়ার ইষ্ট ইণ্ডিয়া রেলওয়েহইতে সালিমার পইণ্টের নদীতীরস্থ রাস্তা পর্য্যন্ত লাইন নির্ম্মাণ করিবার এবং ঐ স্থানে মালের নৌকা বোঝাই করার সুবিধার্থ রণ্ডানী ওয়ার্ক ও মাল নামাইবার মঞ্চ নির্ম্মাণ করিবার জন্য ভূমিগ্রহণার্থ নক্সা ও ৪,৩৩,৭৫০ টাকার অনুমানপত্র আপনাদের প্রতিনিধি সভাপতির ১৮৮৩ সালের ২৮ সেপ্টেম্বরের ২৫৩৫ নম্বর পত্রের সহিত প্রেরণ করায়, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারার বিধানমতে উক্ত কার্য্য করিবার অনুমতি দিলেন।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২৫ ফেব্রুয়ারি।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরগণ কর্ত্তৃক হাবড়ার হুগলী নদীর পশ্চিম বা ডাইন তীর ধরিয়া নির্ম্মিত নদীতীরস্থ রাস্তা ও ওয়ার্ক সকলের সহিত ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে হাবড়া ষ্টেশনের মালগুদামের অন্য স্থান সংযোগ করিবার জন্যে রাস্তা ও তাহাতে রেলওয়ে নির্ম্মাণার্থ রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে হাবড়ার তেলকল ঘাটের রাস্তা ও ট্রাণ্ড রাস্তা এই উভয়ের মধ্যে অবস্থিত ন্যূনাধিক ১২০০ ফুট দীর্ঘ ও ৩০ হইতে ১০০ ফুট পর্য্যন্ত প্রস্থ একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২।—উত্তর সীমা ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানীর বাড়ী, দক্ষিণ সীমা বন্দর কমিশ্যনরগণ যে রাস্তা নির্ম্মাণ করিতেছেন, পশ্চিম সীমা অংশতঃ বরণ কোম্পানীর জমি ও অংশতঃ বাবু পূর্ণচন্দ্র রায় ও অন্যান্য জমীদারদিগের অধিকৃত জমী, পূর্ব্ব সীমা অংশতঃ বরণ কোম্পানীর ও অংশতঃ বাবু পূর্ণচন্দ্র রায় ও অন্যান্য জমীদারদিগের অধিকৃত জমী।

ইহাতে যাহাদের সম্পর্ক থাকে তাহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ২য় পরিচ্ছেদের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

উক্ত ভূমির নক্সা রেবিনিউ বোর্ডে রেলওয়ে ডেপুটী কালেক্টরের আপিসেদেখা যাইতে পারে।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২১ ফেব্রুয়ারি।—রাজকীয় কার্য্যের জন্য অর্থাৎ চব্বিশ পরগনা জিলার অন্তর্গত খাসপুর পরগনার চাঁদপুর ওরফে রসা গ্রামে, পুষ্করিণী খননার্থে, শাখানগর মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের জন্য কষ্টিগতে ন্যূনাধিক ১ বিঘা ৯ কাঠা ৮½ ছটাক পরিমিত ভূমির প্রয়োজন। ঐ ভূমির সীমা এই২।—উত্তর সীমা নন্দলাল মিত্রের বাড়ী ও কালীচরণ ঘোষের বাগান; দক্ষিণ সীমা বসুপাড়া লেন; পশ্চিম সীমা সাজাদা বাহরাম সাহার বাগান ও নন্দলাল মিত্রের মন্দির; পূর্ব্ব সীমা কালীচরণ ঘোষের বাগান ও সরকারী রাস্তার এক অংশ।

ইহাতে যাহাদের সম্পর্ক থাকে তাহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল!

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২২ ফেব্রুয়ারি।—রাজকীয়কার্য্যের নিমিত্তে অর্থাৎ গবান বন্দ্যোপাধ্যায়ের গলি নাথের-বাগান ষ্ট্রীট পর্য্যন্ত বিস্তার করণার্থে কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি, লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ

it is hereby declared that for the above purpose pieces of land Nos. 9 and 10 Bhogoban Banerjee's Lane, measuring more or less 2 cottahs and 8 chittacks only, are required. The lands are bounded as follows:—On the north partly by a filled up ditch and partly by premises Nos. 9 and 10 Bhogoban Banerjee's Lane; on the south by premises Nos. 9 and 10 Bhogoban Banerjee's Lane; on the east partly by premises No. 9 Bhogoban Banerjee's Lane, and partly by Bhogoban Banerjee's Lane; and on the west by premises No. 9 Bhogoban Banerjee's Lane. Plans and specifications of the lands are filed in the office of the Municipal Commissioners of the town of Calcutta for public inspection.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

DECLARATION.

The 23rd February 1884.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Naraingunge Municipality for a public purpose, viz., for a public road from the Sitalakhya road to the river Lakhya in the village of Sitalakhya Bazar, Taluk Bhavani Benode Sundar Ray, Pergunnah Nasarat Shahi, in the district of Dacca, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 11 cottahs 16 dhurs of standard measurement is required. The land is bounded on the north by a ditch and by land belonging to Golak Chandra and Raj Chandra Ghose, and Sharup Chandra and Girish Chandra Bal, on the south by Kali Charan Poddar's land, on the east by the river Lakhya, and on the west by the Sitalakhya road.

This declaration is made under the provisions of section 6 of Act X of 1870 to all whom it may concern.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

DECLARATION.

The 26th February 1884.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the South Suburban Municipality for a public purpose, viz. for widening a portion of the Jagatpur road drain in the village of Behalu, pergunnah Magoora, zillah 24-Pergunnahs, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 1 kottah 4 chittacks of standard measurement, is required. The land is bounded on the north by the garden land of Joygopal Haldar and the late Komola Churan Haldar, and on the south, east, and west by the Jagatpur road.

This declaration is made, under the provi-ions of section 6 of Act X of 1870, to all whom it mayconcern.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

DECLARATION.

The 26th February 1884.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the expense of the Calcutta Municipality for a public purpose, viz., for opening out a new road connecting Pathuria Ghat Street with Prosunno Coomar Tagore's Street through Pathuria Ghatta Bustee for its improvement, it is hereby declared that for the above purpose a piece of land in Nos. 357, 358 and 359, Upper Chitpore Road, measuring more or less 3 cottahs, 10 chittacks and 23 square

দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক কেবল ২ কাঠা ৮ ছটাক পরিমিত ভগবান বন্দ্যোপাধ্যায়ের গলির ৯ ও ১০ নম্বর ভূমিখণ্ডের প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২।—উত্তর সীমা অংশতঃ একটা ভরাটকরা পগার ও অংশতঃ ভগবান বন্দ্যোপাধ্যায়ের গলির ৯ ও ১০ নম্বর বাড়ী; দক্ষিণ সীমা ভগবান বন্দ্যোপাধ্যায়ের গলির ৯ ও ১০ নম্বর বাড়ী; পূর্ব্ব সীমা অংশতঃ ভগবান বন্দ্যোপাধ্যায়ের ৯ নম্বর বাড়ী ও অংশতঃ ভগবান বন্দ্যোপাধ্যায়ের গলি; পশ্চিম সীমা ভগবান বন্দ্যোপাধ্যায়ের গলি; ৯ নম্বর বাড়ী। উক্ত ভূমির নক্সা ও বিশেষ বিবরণ সাধারণের দেখিবার জন্য কলিকাতা নগরের মুনিসিপাল কমিশ্যনরদের আফিসে রাখা গিয়াছে।

ইহাতে যাহাদের সম্পর্ক থাকে তাহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ১৩ ফেব্রুয়ারি।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ঢাকা জিলায় নসরৎশাহী পরগনায় তালুক ভবানী বিনোদশঙ্কর রায়ের, শীতলাখ্যবাজার গ্রামে, শীতলাখ্য রাস্তা হইতে লাখ্যা নদী পর্য্যন্ত সাধারণের রাস্তার জন্য নারায়ণগঞ্জ মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১১ কাঠা ১৬ ধুর পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২-উত্তর সীমা একটা পগার, গোলোকচন্দ্র ও রাজচন্দ্র ঘোষের ও স্বরূপচন্দ্র ও গিরিশচন্দ্র রায়ের জমী, দক্ষিণ সীমা কালীচরণ পোদ্দারের জমী, পূর্ব্ব সীমা লাখ্যা নদী ও পশ্চিম সীমা শীতলাখ্য রাস্তা।

ইহাতে যাহাদের সম্পর্ক থাকে তাহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ চব্বিশ পরগনা জিলার অন্তর্গত মাগুরা পরগনায় বেহালাগ্রামে জগৎপুর রাস্তার পয়োনালী বিস্তারের জন্য দক্ষিণ শাখানগর মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে আন্দাজমতে ন্যূনাধিক ১ কাঠা ৪ ছটাক পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২—উত্তর সীমা জয়গোপাল হালদারের ও মৃত কমলাচরণ হালদারের বাগাত জমী, দক্ষিণ, পূর্ব্ব ও পশ্চিম সীমা জগৎপুরের রাস্তা।

ইহাতে যাহাদের সম্পর্ক থাকে তাহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ পাথুরিয়াঘাট ষ্ট্রীটের সহিত, পাথুরিয়াঘাটা বস্তির উৎকর্ষ সাধনার্থে উক্ত বসতীর মধ্য দিয়া প্রসন্নকুমার ঠাকুরের ষ্ট্রীটের সহিত সংযোগার্থ নূতন রাস্তা খুলিবার জন্য কলিকাতা মুনিসিপালিটীর অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে অপর চিৎপুর রোডের ৩৫৭, ৩৫৮, ও ৩৫৯ নম্বরে ন্যূনাধিক ৩ কাঠা ১০ ছটাক ২৩ বর্গফুট পরিমিত একখণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২—উত্তর সীমা প্রসন্নকুমার ঠাকুরের ষ্ট্রীট, পূর্ব্ব সীমা অপর চিৎপুর রোডের ৩৫৭, ৩৫৮, ৩৫৯ নম্বরের

feet is required. The land is bounded as follows :—On the north by Prosunno Coomar Tagore's Street ; on the east by premises Nos. 357, 358 and 359, Upper Chitpore Road ; on the south by Pathuria Ghat Street ; and on the west by a public drain and passage. Plans and specifications of the land are filed in the office of the Municipal Commissioners of the town of Calcutta for public inspection.

Assistant Surgeon Nitya Lal Bysack, a supernumerary at Dacca, is appointed to have charge of the Mysadal Dispensary in the district of Midnapore, during the absence, on leave, of Assistant Surgeon Nidhu Lall Haldar, or until further orders.

ROAD CESS.—*The 26th February* 1884.—Mr. A. Rattray is re-appointed to be Vice-Chairman of the District Road Committee of Moorshedabad.

Mr. H. J. H. Fasson is appointed to be Vice-Chairman of the District Road Committee of Mozufferpore, *vice* Mr. J. Posford, transferred.

The 29th February 1884.—Baboo Gour Chandra Kunda is appointed to be a member of the District Road Committee of Chittagong.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette,* 11*th March* 1884.]

পোলীস বিষয়ক।—১৮৮৪ সাল ৭ ফেব্রুয়ারি।—যশোহরের পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, বি, ওয়ালর সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১৩৬ ধারার ২ প্রকরণমতে ১৮৮৪ সালের ১ আপ্রিল অবধি দুই মাসের ছুটী পাইলেন।

ব্যবস্থাপন বিষয়ক।—১৮৮৪ সাল ৩ মার্চ।—শ্রীযুত লেপ্টেনাণ্ট গবর্ণর সাহেব মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনক্রমে ভারতবর্ষীয় মন্ত্রিসভাবিষয়ক ১৮৬১ সালের আইনের ২৯, ৩০ ও ৪৫ ধারার বিধানমতে শ্রীযুত এ, বি, মিলর সাহেবকে কোর্ট উলিয়ম প্রেসিডেন্সীর বঙ্গদেশখণ্ডে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সভ্য পদে বরণ করিলেন।

শিক্ষাবিষয়ক।—১৮৮৪ সাল ২৮ ফেব্রুয়ারি।— কৃষ্ণনগর কালেজে ব্যবস্থা বিদ্যার উপদেশক শ্রীযুত বাবু উমানাথ ঘোষাল যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি বিনা বেতনে এক বৎসরের ছুটী পাইলেন।

শ্রীযুত বাবু উমানাথ ঘোষালের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু তারাপদ বন্দ্যোপাধ্যায়, বি, এল, কৃষ্ণনগর কালেজে ব্যবস্থা বিদ্যার উপদেশকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ১ মার্চ।—চট্টগ্রামে কোর্ট ওয়ার্ডের অধীনে কার্য্যাধ্যক্ষস্বরূপ প্রেরিত সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দাস চট্টগ্রাম জিলার স্কুল কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

বনবিষয়ক।—১৮৮৪ সাল ৩ মার্চ।—তৃতীয় শ্রেণীর সহকারি বনরক্ষক শ্রীযুত সি, বি, ডি, কর্টাইস সাহেব ১৮৮৩ সালের ৫ নবেম্বর অবধি আসিষ্টাণ্ট বনরক্ষকদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

১৮৮৪ সাল ৪ মার্চ।—তিস্তা খণ্ডের ডেপুটী বনরক্ষক শ্রীযুত এ, আর, গ্রাণ্ট সাহেব ১৮৮৪ সালের ২১ আপ্রিল অবধি বিনা বেতনে ছয় মাসের ছুটী পাইলেন।

সহকারি বনরক্ষক শ্রীযুত ডবলিউ, জনষ্টন সাহেব নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া তিস্তা খণ্ডের কার্য্যের ভার গ্রহণ করিবেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৮৪ সাল ৩ মার্চ।—মেডিকাল কালেজে চক্ষুরোগ বিদ্যার উপদেশক শ্রীযুত ডবলিউ, সি, উডস্ সাহেব আগামি আপ্রিল মাসের ৪ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ২ অধ্যায়ের ১৬ ধারামতে ছয় মাসের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ৪ মার্চ।—রাজকার্য্যোপলক্ষে ব্রিগেড সর্জন শ্রীযুত জে, এস, পর্নটন সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, বাঁকুড়ার সিবিল চিকিৎসক সর্জন শ্রীযুত জি, প্রাইস সাহেব শাহাবাদের সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে সর্জন শ্রীযুত জি, প্রাইস সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় কলিকাতার মেডিকাল কালেজ হাঁস্পাতালের রেসিডেণ্ট ফিজিসিয়ন সর্জন শ্রীযুত এফ, এস, পেক সাহেব বাঁকুড়ার সিবিল চিকিৎসকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে সর্জন শ্রীযুত এফ, এস, পেক সাহেবের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ভাগলপুরের একটিং সিবিল চিকিৎসক সর্জন শ্রীযুত ডবলিউ, হীটসন সাহেব কলিকাতার মেডিকাল কালেজ হাঁস্পাতালে রেসিডেণ্ট ফিজিসিয়নের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মেদিনীপুর জিলার অন্তর্গত মহিষাদল ঔষধালয়ের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বিধুলাল হালদার অন্যের প্রতি কার্য্যের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত বিধুলাল হালদারের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ঢাকার অতিরিক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত মুন্নালাল বসাক মেদিনীপুর জিলার অন্তর্গত মহিষাদল ঔষধালয়ের কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

পথকর বিষয়ক।—১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।—শ্রীযুত এ, রাট্রে সাহেব মুরশিদাবাদ জিলার পথকমিটীর প্রতিনিধিসভাপতির পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে, পোস্ফর্ড সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়াতে শ্রীযুত এচ, জে, এস, কাসন সাহেব মজফরপুর জিলার পথকমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

১৮৮৪ সাল ২৯ ফেব্রুয়ারি।—শ্রীযুক্ত বাবু গৌরচন্দ্র কুণ্ডু চট্টগ্রাম জিলার পথকমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

এস, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১১ মার্চ।]

The 28th February 1884.—The following notification received from the Government of Bombay is published for general information.

A. P. MACDONNELL,
Offg. Secretary to the Govt. of Bengal.

NOTICE.

THE MAYO PRIZES FOR ART-WORKMANSHIP.

Sir J. J. School of Art, Bombay.

A Prize of Rs. 180 and a Silver Medal will be awarded for the best specimen of Silver-smith's work.

A Prize of Rs. 180 and a Silver Medal will be awarded for the best specimen of Enamelling.

These Prizes are open to all artisans throughout India. The prize works remain the property of the competitors. If they are for sale, it should be so stated, and the price marked on each specimen, together with the name and address of the maker.

The objects for competition must be delivered—carriage prepaid—by the 31st of December 1884, and addressed to the Superintendent, Sir J. J. School of Art, Bombay.

The object of these prizes being the encouragement of Native art-workmanship, the prizes will be awarded to those specimens which are truly Oriental in character, and which exemplify in the highest degree elegance in design with excellence in workmanship.

C. GONNE,
Chief Secretary to Government.

NOTIFICATION.

The 28th February 1884.—It is hereby notified for general information that in compliance with the recommendation of the Commissioners of the Hooghly and Chinsurah Municipality made at a meeting, the Lieutenant-Governor intends to extend the provisions of Act VI (B.C.) of 1878 to the Shahagunge Mohulla of that Municipality, with effect from the 1st April next, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the said Municipality.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 1st March 1884.—It is hereby notified for general information that the Lieutenant-Governor intends, in the exercise of the powers conferred on him by section 78 of Act V (B.C.) of 1876, and in accordance with the recommendation of the Commissioners of the Kotechandpore Municipality in the district of Jessore, made at a meeting, to sanction the levying by the Commissioners, under section 122 of the Act, of a tax on carriages and horses and other animals mentioned in the third schedule of the Act, and of a fee, under section 134, on the registration of carts kept or habitually used within the municipality, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the municipality.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 11th March* 1884.]

১৮৮৪ সাল ২৮ ফেব্রুয়ারি।—বোম্বাই গবর্ণমেণ্টের স্থানে প্রাপ্ত নিম্নলিখিত বিজ্ঞাপন সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

এ, পি, মাকডনেল,।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

মেও সাহেবের স্মরণার্থ কারুকার্য্যের পারিতোষিক।

বোম্বাইর সার জে, জে, শিল্পবিদ্যালয়।

সর্ব্বোৎকৃষ্ট রূপার কার্য্যের নিমিত্ত ১৮০৲ টাকা পারিতোষিক ও একখানি রৌপ্য পদক দেওয়া যাইবে।

সর্ব্বোৎকৃষ্ট মীনার কার্য্যের নিমিত্ত ১৮০৲ টাকা পারিতোষিক ও একখানি রৌপ্য পদক দেওয়া যাইবে।

ভারতবর্ষের সমুদয় শিল্পকর এই পারিতোষিকের নিমিত্ত দ্রব্যাদি পাঠাইতে পারিবেন। যে দ্রব্যের নিমিত্ত পারিতোষিক দেওয়া যাইবে, তাহা যে শিল্পকর পাঠান তাঁহারই থাকিবে। কোন দ্রব্য বিক্রয়ার্থে পাঠান গেলে, তাহা লিখিয়া দিতে হইবে এবং প্রত্যেক দ্রব্যের উপর মূল্য ও কারিগরের নাম ও ঠিকানা লিখিতে হইবে।

পরীক্ষার্থ দ্রব্যগুলি বহনী খরচ দিয়া ১৮৮৪ সালের ৩১ডিসেম্বরের মধ্যে বোম্বাইর সার জে, জে, শিল্পবিদ্যালয়ের সুপরিন্টেণ্ডেণ্টের ঠিকানায় পঁহুছাইয়া দিতে হইবে।

এতদ্দেশীয় কারুকার্য্যের উৎসাহ দেওয়া এই সকল পারিতোষিকের উদ্দেশ্য। এনিমিত্ত যে সকল দ্রব্য প্রকৃতরূপ দেশীয় ধরণের ও যাহাতে কারুকার্য্যের উৎকৃষ্টতার সহিত কল্পনার লালিত্য অত্যধিক পরিমাণে লক্ষিত হয়, সেই সকল দ্রব্যের নিমিত্ত পারিতোষিক দেওয়া যাইবে।

সি, গন্।
গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২৮ ফেব্রুয়ারি।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলী ও চুঁচড়া মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিযুক্ত বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে উক্ত মুনিসিপালিটীর শাহগঞ্জ মহল্লায় আগামি আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭৮ সালের বঙ্গীয় ৬ আইনের বিধান প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ১ মার্চ্চ।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, যশোহর জিলার অন্তর্গত কোটচাঁদপুর মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তি যুক্ত বিপক্ষ কারণ দর্শান না গেলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৭৮ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে তিনি উক্ত আইনের তৃতীয় তফসীলের লিখিত গাড়ীর, ঘোড়ার ও অন্যান্য জন্তুর উপর ঐ আইনের ১২২ ধারামতে টাক্স ধার্য্য করিবার এবং উক্ত মুনিসিপালিটীর মধ্যে যে সকল গরুর গাড়ী রাখা যায় বা নিয়ত ব্যবহার হয় উক্ত আইনের ১৩৪ ধারামতে তাহা রেজেষ্টরী করণের কী উক্ত কমিশনরদের দ্বারা আদায় হইবার অনুমতি দিবার কল্পনা করিয়াছেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১১ মার্চ্চ।]

NOTIFICATION

The 3rd March 1884.—Notice is hereby given that, under paragraph 2, section 34 of the Bengal Municipal Act V (B.C) of 1876, the Lieutenant-Governor intends to vest in the Commissioners of the Maldah Municipality the charitable dispensary situated within that municipality, the said dispensary not being private property or the property of any religious institution or society.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 4th March 1884.—Rai Shama Churn Dey Bahadoor, Vice-Chairman of the Corporation of the town of Calcutta, is allowed privilege leave for the period of three months. Mr. R. Turnbull, Secretary to the Corporation, will officiate as Vice-Chairman in addition to his own duties, during the absence, on leave, of Rai Shama Churn Dey Bahadoor.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 4th March 1884.—It is hereby notified for general information that, under section 34, clause 2 of Act V (B.C.) of 1876, the Lieutenant-Governor intends to vest the Madhubanee dispensary in the Commissioners of the Madhubanee Municipality, the said dispensary not being private property or the property of a religious institution or society, unless good reasons are shown to the contrary within one month from the date of the publication of this notification within the Municipality.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 29th February 1884.—Plans and estimates amounting to Rs. 71,463, for the construction of a new goods station to afford accommodation to the Eastern Bengal Railway Company's goods traffic carried over the Commissioners' tramway, having been submitted by the Commissioners for making Improvements in the Port of Calcutta with their Vice-Chairman's letter No. 3819, dated the 12th January 1884, the Lieutenant-Governor sanctions the expenditure under the provisions of section 35 of Act V (B.C.) of 1870.

A. P. MACDONNELL,
Offg. Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 4th March 1884.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the construction of a road with a railway thereon to connect the goods terminus of the East Indian Railway station at Howrah with the river-side road and wharves constructed along the west or right bank of the River Hooghly at Howrah by the Commissioners for making Improvements in the Port of Calcutta, it is hereby declared that for the above purpose a piece of land situate between the Telkul Ghât Road and the Strand Road at Howrah, measuring more or less three bighas three cottahs and four chittacks, is required. The land is bounded as follows:—

On one side.—By the Strand Road.

On another side.—By lands belonging to the Port Commissioners of Calcutta.

On the third side.—Ditto ditto ditto.

On the fourth side.—By Mutty Laul Seal's Ghât Road and lands belonging to Purna Chunder Roy.

This declaration is made under the provisions of Part II, section 6, Act X of 1870, to all whom it may concern.

A plan of the land may be inspected in the Office of the Deputy Collector for Railways at the Board of Revenue.

A. P. MACDONNELL,
Offg. Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette,* 11*th March* 1884.]

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৩ মার্চ্চ।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, মালদহ মুনিসিপালিটীর মধ্যে যে দাতব্য ঔষধালয় আছে তাহা ব্যক্তি বিশেষের বা কোন ধর্ম্মালয়ের বা ধর্ম্ম সম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বঙ্গদেশের মুনিসিপাল বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৮ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

কোল্মান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৪ মার্চ্চ।—কলিকাতা নগরের সম্মিলিত সমাজের প্রতিনিধি সভাপতি শ্রীযুত রায় শ্যামাচরণ দে বাহাদুর তিন মাসের অনুগ্রহের ছুটী পাইলেন। শ্রীযুত রায় শ্যামাচরণ দে বাহাদুরের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে সম্মিলিত সমাজের সেক্রেটরী শ্রীযুত আর, টর্ণবুল সাহেব আপন কর্ম্মাতিরিক্ত প্রতিনিধি সভাপতির কর্ম্ম করিবেন।

কোল্মান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৪ মার্চ্চ।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, মধুবনি মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিযুক্ত বিপক্ষ কারণ দর্শান না গেলে উক্ত মুনিসিপালিটিতে যে ঔষধালয় আছে, তাহা ব্যক্তি বিশেষের বা কোন ধর্ম্মালয়ের বা ধর্ম্মসম্প্রদায়ের সম্পত্তি না হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৮ ধারার ২ প্রকরণমতে উক্ত মুনিসিপালিটীর কমিশনরদের প্রতি অর্পণ করিবার কল্পনা করিয়াছেন।

কোল্মান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ২৯ ফেব্রুয়ারি।—পোর্ট কমিশনরদের ট্রামওয়েতে আর ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির মাল গাড়ি যাতায়াতার্থে নূতন গুডস্ ষ্টেশন নির্ম্মাণ করিবার জন্য কলিকাতা বন্দরের উৎকর্ষসাধনার্থ কমিশনরেরা আপনাদের প্রতিনিধি সভাপতির ১৮৮৪ সালের ১২ জানুয়ারির ৩০১৯ নং পত্রের সঙ্গে নকশা ও ৭১,৬৩৭ টাকা ব্যয়ের অনুমানপত্র প্রেরণ করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩২ ধারার বিধানমতে ঐ টাকা ব্যয় করিবার অনুমতি দিলেন।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৪ মার্চ্চ।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ কলিকাতা বন্দরের উৎকর্ষ সাধনার্থ কমিশনরেরা হাবড়ায় হুগলী নদীর পশ্চিম দিকের তটে যে নদীর ঘাটের পথ ও ওয়ার্ফ প্রস্তুত করিয়াছেন তাহার সহিত ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের হাবড়া ষ্টেশনের মালগুদামের পশ্চাদ্ভাগের সংযোগ করণার্থ রাস্তা ও তাহাতে রেলওয়ে প্রস্তুত করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে তদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যার্থ হাবড়ার তেলকল ঘাট রোড ও ষ্ট্রাণ্ড রোডের মধ্যে স্থিত ন্যূনাধিক ৩/১০ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির চারি সীমা এই —

এক দিকে।—ষ্ট্রাণ্ড রোড।
অন্য দিকে।—কলিকাতার পোর্ট কমিশনরদের জমি।
তৃতীয় দিকে।— ঐ ঐ ঐ।
চতুর্থ দিকে।—মতিলাল শীলের ঘাটের রাস্তা ও পূর্ণচন্দ্র রায়ের জমি।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের দ্বিতীয় অধ্যায়ের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

উক্ত ভূমির নকশা রেবিনিউ বোর্ডে রেলওয়ের ডেপুটী কমিশনরের আফিসে দেখা যাইতে পারিবে।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১১ মার্চ্চ।]

NOTIFICATION.

The 4th March 1884.—In substitution of Rule 10 of the rules under section 9 of the Sea Customs Act VIII of 1878, published in Part I of the *Calcutta Gazette* of the 2nd April 1879, at pages 283-85, the following revised rule, which has been approved by the Lieutenant-Governor, is published for general information :—

When any goods are seized for an infringement of the customs law, or any breach of the provisions of the Customs Act is brought to notice by an officer of customs, and any confiscation or penalty is adjudged in consequence, it shall be competent to the Collector of Customs to award to such officer a part of the sale-proceeds of such confiscation or penalty imposed, not exceeding three-fifths of the whole amount of such sale-proceeds or penalty, after deduction therefrom of the Government dues, if any, and any incidental charges incurred in consequence of such confiscation.

A. P. MACDONNELL,
Offg. Secretary to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 1140 A.

The 29th February 1884.—Mr. L. P. Shirres, Assistant Magistrate and Collector, Backergunge, is appointed, under the provisions of section 22, Act X of 1882, to act as a Justice of the Peace within the territories under the Lieutenant-Governor's control.

Mr Shirres is also vested with the powers of a Magistrate of the first class.

The 4th March 1884.—Baboo Shambhu Chunder Nag, Munsif of Pubna, is appointed to be a Munsif in the district of Mymensingh, and to be ordinarily stationed at Ishurgunge.

Baboo Jugat Chandra Das, Munsif of Ishurgunge, in the district of Mymensingh, is appointed to be a Munsif in the district of Noakholly, and to be ordinarily stationed at Sundeep.

Baboo Jugat Chandra Das is vested with the powers of a Magistrate of the third class within the limits of the Sundeep Munsifi.

Baboo Gour Charan Roy, Munsif of Sundeep, in the district of Noakholly, is appointed to be a Munsif in the district of Tipperah, and to be ordinarily stationed at Kusba Nurnagar.

Baboo Behari Lal Banerjee, Munsif of Kusba Nurnagar, in the district of Tipperah, is appointed to be a Munsif in the district of Jessore, and to be ordinarily stationed at Magoora.

Baboo Krishna Nath Roy, Munsif of Magoora, in the district of Jessore, is appointed to be a Munsif in the district of Burdwan, and to be ordinarily stationed at Culna.

Baboo Gopi Mohun Mookerjee, Munsif of Culna, in the district of Burdwan, is appointed to be a Munsif in the district of Tipperah, and to be ordinarily stationed at Moradnuggur.

Baboo Gopi Mohun Mookerjee is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the limits of the Moradnuggur Munsifi.

Baboo Kali Coomar Bose, First Munsif of Mozufferpore, on leave, is appointed to be a Munsif in the district of Bhagulpore, and to be ordinarily stationed at Begooserai, during the absence, on deputation, of Baboo Grish Chunder Chatterjee, or until further orders.

Baboo Raj Narain Mookerjee, Officiating Munsif of Begooserai, in the district of Bhagulpore, is appointed to act as a Munsif in the district of Purneah, and to be ordinarily stationed at Arrareah, during the absence, on leave, of Baboo Jodu Nath Das, or until further orders.

GRANT OF LEAVE TO MUNSIFS.—*The 28th February* 1884.—Baboo Kartick Chundra Pal, Second Munsif of Nemal, in the district of Midnapore, is allowed leave for three months, under rule 1, section 72, chapter V of the Civil Leave Code, with effect from the 4th March 1884.

[*Government Gazette*, 11*th March* 1884.]

বিজ্ঞাপন।

১৮৮৪ সাল ৪ মার্চ্চ।—১৮৭৯ সালের আপ্রিল মাসের ১ তারিখের কলিকাতা গেজেটের প্রথম খণ্ডের ২৮৩—৮৫ পর্য্যন্ত পৃষ্ঠায় প্রকাশিত সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ৯ ধারামতে প্রণীত বিধির ১০ ধারার পরিবর্ত্তে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অনুমোদিত নিম্নলিখিত সংশোধিত ধারা সাধারণের অবগতার্থে প্রকাশ করা গেল।—

কষ্টমের ব্যবস্থা লঙ্ঘন প্রযুক্ত কোন মাল ধৃত হইলে কিম্বা কষ্টমের আইনের বিধান লঙ্ঘন হইয়াছে বলিয়া কষ্টমের কোন কর্ম্মচারী জানাই ল ও তদ্ধেতু মাল জব্দ বা দণ্ড করা গেলে কষ্টমের কালেক্টর সাহেব, জব্দ করা মালবিক্রয়োৎপন্ন কিম্বা দণ্ডের মোট টাকা হইতে গবর্ণমেণ্টের যাহা পাওনা থাকে তাহা ও জব্দ করণে আনুষঙ্গিক যাহা খরচ হইয়া থাকে তাহা কাটিয়া লইয়া বিক্রয়োৎপন্ন কিম্বা দণ্ডের মোট টাকার একাংশ অর্থাৎ পাঁচ ভাগের তিন ভাগের অনধিক ঐ কর্ম্মচারকে দিতে পারিবেন।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১১৪০ A নম্বর।

১৮৮৪ সাল ২৯ ফেব্রুয়ারি।—বাখরগঞ্জের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এল, পি, শিরেস সাহেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ১৮৮২ সালের ১০ আইনের ২২ ধারার বিধানমতে শান্তিরকার্থ জষ্টিসের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।—

শ্রীযুত শিরেস সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাও পাইলেন।

১৮৮৪ সাল ৪ মার্চ্চ।—পাবনার মুনসেফ শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র নাগ ময়মনসিংহ জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ ঈশ্বরগঞ্জে অবস্থাপিত হইবেন।

ময়মনসিংহ জিলার অন্তর্গত ঈশ্বরগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু জগচ্চন্দ্র দাস, নওয়াখালি জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ সন্দ্বীপে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু জগচ্চন্দ্র দাস সন্দ্বীপের মুনসেফী সীমার মধ্যে তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

নওয়াখালী জিলার অন্তর্গত সন্দ্বীপের মুনসেফ শ্রীযুত বাবু গৌরচরণ রায় ত্রিপুরা জিলায় মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ কশবা নুরনগরে অবস্থাপিত হইবেন।

ত্রিপুরা জিলার অন্তর্গত কশবা নুরনগরের মুন্সেফ শ্রীযুত বাবু বিহারিলাল বন্দ্যোপাধ্যায়, যশোহর জিলায় মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ মাগুরায় অবস্থাপিত হইবেন।

যশোহর জিলার অন্তর্গত মাগুরার মুন্সেফ শ্রীযুত বাবু কৃষ্ণনাথ রায় বর্দ্ধমান জিলার মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ কালনায় অবস্থাপিত হইবেন।

বর্দ্ধমান জিলার অন্তর্গত কালনার মুন্সেফ শ্রীযুত বাবু গোপীমোহন মুখোপাধ্যায়, ত্রিপুরা জিলার মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ মুরাদনগরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু গোপীমোহন মুখোপাধ্যায়, ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকাপর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে মুরাদনগর মুন্সেফীর সীমার মধ্যে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু গিরিশচন্দ্র চট্টোপাধ্যায়ের অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ছুটীপ্রাপ্ত মজফরপুরের প্রথম মুন্সেফ শ্রীযুত বাবু কালীকুমার বসু ভাগলপুর জিলায় মুন্সেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ বেগুসরাইয়ে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু যদুনাথ দাসের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ভাগলপুর জিলার অন্তর্গত বেগুসরাইর একটীং মুন্সেফ শ্রীযুত বাবু রাজনারায়ণ মুখোপাধ্যায়, পুরনিয়া জিলায় মুন্সেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ আরারিয়ায় অবস্থাপিত হইবেন।

মুন্সেফদের ছুটী।—১৮৮৭ সাল ২৮ ফেব্রুয়ারি।—মেদিনীপুর জিলার অন্তর্গত নেমালের দ্বিতীয় মুন্সেফ শ্রীযুত বাবু কার্ত্তিকচন্দ্র পাল, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারার ১ প্রকরণমতে ১৮৮৪ সালের ৪ মার্চ্চ অবধি তিন মাসের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১১ মার্চ্চ।]

The 1st March 1884.—Baboo Khetter Prosad Mukerjee, First Munsif of Atia, in the district of Mymensing, is allowed leave for 20 days, viz., 18 days under rule 2 and the note under rule 3, section 72, chapter V of the Civil Leave Code, and two days under rule 1, section 72, chapter V of the same Code, with effect from the 5th March 1884.

The 3rd March 1884.—Baboo Prasanna Coomar Ghose, Munsif of Jungypore, in the district of Moorshedabad, is allowed leave for three months, viz., 73 days under rule 2 and the note under rule 3, section 72, chapter V of the Civil Leave Code, and 18 days under rule 1 of the same section, with effect from the 4th April 1884.

F. B. PEACOCK,
Secretary to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT—BENGAL.

The 3rd March 1884.

No. 113.—*Posting.*—Mr. A. J. Hughes, Executive Engineer, first grade, is posted to the South-Western Circle with effect from the 27th February 1884.

No. 114.—*Leave.*—Mr. A. J. Hughes, Executive Engineer, first grade, is granted privilege leave for 2 months and 28 days, from the 5th instant, or such subsequent date as he may avail himself of it.

No. 115.—*Leave.*—Mr. W. G. L. Cotton, Executive Engineer, first grade, Cossye Division, has been granted by the Secretary of State six months' furlough in extension of that granted him in Bengal Government Notification No. 93 of the 9th March 1883.

No. 116.—*Posting.*—With reference to Notification No. 9, dated 12th January 1884, Mr. T. Butler, Assistant Engineer, second grade, is posted to the office of the Superintending Engineer, Orissa Circle, which he joined on the forenoon of the 23rd ultimo.

IRRIGATION.

The 3rd March 1884.

No. 117.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for canalizing Contai Nullah, for clearing silt from Surpai River, and for the Surpai cross dam in the village and pergunnahs noted below, zillah Midnapur, it is hereby declared that for the above purpose two pieces of land measuring more or less 253 acres 3 roods 30 poles, running on both sides of the Contai Nullah from the sluice at Contai to the River Bagda, and measuring from 50 to 300 feet in breadth, is required within the undermentioned villages :—

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

Names of villages.—Karkuli, Athilagari, Sacrpur, Etbaribar, Sadmapirkhuria, Girgachia, Launchal, Durmut, Benamuti, Kasmuli, Biraspur, Rasalpur, Juki, Alampur, Bhirlutia Raipur, Nardighi, Ranibra, Uttarpeloria, Pairakanda, Bakria, Musagan, Dhandubar, Bhadua Rampur, pergunnah Majnamutha. Ulberia, Tedubi, Dakhin Sijna, Baghmubakulia, Parberia Sijna Khorda, Tatkabar, Haringachhia, Santasa, Sikharpatrabar, Khangibar, Uhundabar, Harinpsdibar, Dumurbaria, Surpai, Dumria, pergunnah Naramutha, Raghunandanpur, pergunnah Bhaitgar.

J. M. McNEILE, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

[*Government Gazette,* 11*th March* 1884]

১৮৮৪ সাল ১ মার্চ্চ।—ময়মনসিংহ জিলার অন্তর্গত আটিয়ার প্রথম মুনসেফ শ্রীযুত বাবু ক্ষেত্রপ্রসাদ মুখোপাধ্যায়, ১৮৮৪ সালের ৫ মার্চ্চ অবধি বিশ দিনের ছুটী পাইলেন, অর্থাৎ সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারার ৩ প্রকরণের নিম্নভাগের মন্তব্যমতে আঠার দিনের ও উক্ত বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারার ১ প্রকরণমতে দুই দিনের ছুটী পাইলেন।

১৮৮৪ সাল ৩ মার্চ্চ।—মুরশিদাবাদ জিলার অন্তর্গত জঙ্গিপুরের মুনসেফ শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঘোষ, ১৮৮৪ সালের ৪ আপ্রিল অবধি তিন মাসের ছুটী পাইলেন অর্থাৎ সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারার ২ প্রকরণমতে ও ৩ প্রকরণের নিম্নভাগের মন্তব্যমতে তেয়াত্তর দিনের এবং উক্ত ধারার ১ প্রকরণমতে আঠার দিনের ছুটী পাইলেন।

এফ, বি, পীকক।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৮৪ সাল ৩ মার্চ্চ।

১১৩ নম্বর।—অবস্থিতির কথা।—প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জে, হিউস, সাহেব ১৮৮৪ সালের ২৭ ফেব্রুয়ারি অবধি দক্ষিণ-পশ্চিমচক্রে অবস্থাপিত হইলেন।

১১৪ নম্বর।—ছুটী।—প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জে, হিউস সাহেব এই মাসের ৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি দুই মাস আটাইশ দিনের অনুগ্রহের ছুটী পাইলেন।

১১৫ নম্বর।—ছুটী।—কাঁসাই খণ্ডের প্রথম শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, জি, এল, কটন সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৮৩ সালের ৯ মার্চ্চের ৯৩ নং বিজ্ঞাপনমতে যে ছুটী পান তদতিরিক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব তাঁহাকে আর ছয় মাসের নিয়মিত ছুটী দিয়াছেন।

১১৬ নম্বর।—অবস্থিতির কথা।—১৮৮৪ সালের জানুয়ারি মাসের ১২ তারিখের ৯ নং বিজ্ঞাপনোপলক্ষে দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি, বটলার সাহেব উড়িষ্যা চক্রের সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের আফিসে অবস্থাপিত হইয়া গত মাসের ২৩ তারিখের পূর্ব্বাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

জলসেচন।

১৮৮৪ সাল ৩ মার্চ্চ।

১১৭ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত সকল পরগনায় ও গ্রামে কাঁতি নালা খাল করিবার ও সরপাই নদীর পঙ্কোদ্ধার করিবার এবং সরপাই নদীর এপার ওপার বাঁধ দিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত কাঁতির কবাট অবধি বাগদা নদী পর্য্যন্ত কাঁতির নালার উভয় ধারে গামি ন্যূনাধিক ২৫৩ একর ৩ রুড ৩০ পোল দীর্ঘ ও ৫০ ফুট অবধি ৩০০ ফুট পর্য্যন্ত প্রস্থ দুই খণ্ড ভূমি নিম্নলিখিত সকল গ্রামে প্রয়োজন।

ইহাতে যাহাদের সম্পর্ক থাকে তাহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

গ্রামের নাম।—মাজনামুটা পরগনার কার্কুলি, অখিলাগাড়ি, শেরপুর, এতবারিবার, মদমাশির-খুরিয়া, গির্গাছিয়া, লৌরিচক, দর্পমৎ, বেনামুরি, কাসমিলি, বিলাসপুর, রসলপুর, জুকি, আলমপুর, ভির্কুটিয়া রাইপুর, মরদীসা, রাণীওরা, উত্তরপেলোরিয়া, পরয়াকান্দা, রক্তিয়া, মসাগাম, মন্দবার, ভাদুয়া রামপুর, মরমুঠা, পরগনার উলবেড়িয়া, তেচুবি, দক্ষিণ সিজনার, বাঘমুহকুলিয়া, বারবেরিয়া সিজনা খোদা, টাটকাবার, হরিণগাছীয়া, সান্তসা, সিথারপত্রবার, খাস্তিবার, উলমৈদলবার, হরিণপাশদলবার, ডুমুরবেড়িয়া, সরপাই, ভুত্রিয়া, ভৈৎগড় পরগনার রঘুনন্দনপুর।

জে, এম, মাকনীল, লেপ্টেনেণ্ট-কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট-সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১১ মার্চ্চ।]

No. 119.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Benagl that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for goods-shed road at Motihari, pergunnah Majhua, zillah Chumparun, it is hereby declared that for the above purpose a piece of land measuring more or less 6 bighas 14 cottahs 5 chittacks of standard measurement, bounded on the north by a short road leading to Railway, east by Railway Station land, south by a short road leading to the Railway, west by the district road, is required within the aforesaid village of Motihari.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

S. T. TREVOR, *Col*, R.E.,
Secretary to the Govt. of Bengal., P. W. D.

The 4th March 1884.

No. 120.—*Posting.*—With reference to notification No. 72 of the 11th ultimo, Baboo Rajkissen Banerjee, Assistant Engineer, first grade, is posted to the Mahanuddy Division, which he joined on the forenoon of the 23rd idem.

No. 121.—With reference to notification No. 113 of the 3rd instant, Mr. A. J. Hughes, Executive Engineer, first grade, is posted to the Northern Drainage and Embankment Division, which he joined on the forenoon of the 27th ultimo.

No. 122.—*Notification.*—The declaration dated the 20th May 1883, under section 6 of Act X of 1870 of the Government of India, issued by this Government in the Public Works Department, for the acquisition of land for a district road from Durgapur to Mirzagunge in the Backergunge district, which was published at page 442 of the *Calcutta Gazette* of the 30th May 1883, is hereby cancelled.

J. M. McNEILE, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secretary to the Govt. of Bengal, P. W. Dept.

No. 124.—*Posting.*—With reference to Government of India, Public Works Department, notification No. 56 of the 27th February 1884, Mr. A. W. U. Pope, Traffic Superintendent, is posted to the Tirhoot State Railway.

S. T. TREVOR, *Col.*, R.E.,
Secretary to the Govt. of Bengal, P. W. D.

IRRIGATION.

The 26th February 1884.

No. 108.—*Notification.*—The Lieutenant-Governor of Bengal is pleased, under section 90 of Act II (B.C.) of 1882 (The Bengal Embankment Act), to pass the following rules for carrying out the provisions of the said Act. A draft of these rules has been published in the *Calcutta Gazette* for one month commencing with the 14th January 1884:—

1. All estimates for works to be executed under this Act shall include 23 per cent. for establishment, and, in addition, the estimated cost of all petty establishments employed for watching or guarding embankments, and for working sluices.

2. Where tools and plant are to be provided by Government, a charge of 3 per cent. on the outlay will be made, and this percentage shall be added to the estimates.

[*Government Gazette*, 11*th March* 1884.]

১১৯ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ চাম্পারণ জিলার অন্তর্গত মঝৌয়া পরগণার মতিহারি ষ্টেশনের গুডস-শেডের পথ করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত মতিহারী গ্রামে কমিবেশে ন্যূনাধিক ৬৷৷৪।৴ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা রেলওয়েতে যাইবার সোজা পথ, পূর্ব্ব সীমা রেলওয়ে ষ্টেশনের ভূমি, দক্ষিণ সীমা রেলওয়েতে যাইবার পথ; সোজা পশ্চিম সীমা জিলার পথ।

ইহাতে যাহাদের সম্পর্ক থাকে তাহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

এস, টি, ট্রেবর, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৮৮৪ সাল ৪ মার্চ্চ।

১২০ নম্বর।—অবস্থিতির কথা।—গত মাসের ১১ তারিখের ৭২ নং বিজ্ঞাপনোপলক্ষে প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, মহানদী খণ্ডে অবস্থাপিত হইয়া ঐ মাসের ২৩ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১২১ নম্বর।—এই মাসের ৩ তারিখের ১১৩ নং বিজ্ঞাপনোপলক্ষে প্রথম শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এ, জে, হিউস সাহেব উত্তর জলপ্রণালী ও বাঁধ খণ্ডে অবস্থাপিত হইয়া গত মাসের ২৭ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

১২২ নম্বর।—বিজ্ঞাপন।—বাখরগঞ্জ জিলার অন্তর্গত দুর্গাপুর অবধি মির্জাগঞ্জ পর্য্যন্ত প্রদেশীয় পথ করিবার জন্যে ভূমি গ্রহণার্থে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে এই গবর্ণমেণ্টের প্রচারিত ১৮৮৩ সালের ২৯ মের যে বিজ্ঞাপন ১৮৮৩ সালের জুন মাসের ৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৪৯৭ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

জে, এম, মাকনিল, লেপ্টেনেণ্ট-কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট-সেক্রেটরী।

---

১২৪ নম্বর।—অবস্থিতির কথা।—পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৮৪ সালের ২৭ ফেব্রুয়ারির ৫৬ নং বিজ্ঞাপনোপলক্ষে ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, ডবলিউ, ইউ, পোপ সাহেব ত্রিহুত ষ্টেট রেলওয়েতে অবস্থাপিত হইলেন।

এস, টি, ট্রেবর, কর্ণেল আর, ই,
পবলিক ওর্কস্ ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন বিষয়ক।

১৮৮৪ সাল ২৬ ফেব্রুয়ারি।

১০৮ নম্বর।—বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বঙ্গদেশের বাঁধবিষয়ক ১৮৮২ সালের বঙ্গীয় ২ আইনের ৯০ ধারামতে উক্ত আইনের বিধান সফল করণার্থে নিম্নলিখিত বিধি অনুমোদন করিলেন,। উক্ত বিধির পাণ্ডুলিপি ১৮৮৪ সালের ১৪ জানুয়ারি অবধি আরম্ভ করিয়া এক মাস কলিকাতা গেজেটে প্রকাশ করা গিয়াছে।

১। এই আইনমতে যে সকল কার্য্য করা যায় তাহার অনুমানপত্রে সেরেস্তার নিমিত্ত শতকরা ২৩৭ টাকা এবং তদতিরিক্ত খাল পাহারা দিতে বা রক্ষা করিতে ও জলের কবাটের কর্ম্ম চালাইতে নিযুক্ত সমস্ত খুজরা সেরেস্তার আনুমানিক খরচ ধরিতে হইবে।

২। যন্ত্র ও সরঞ্জাম গবর্ণমেণ্ট দিলে, ব্যয়ের শতকরা ৩৭ টাকা খরচ ধরিতে হইবে, এবং এই শতকরা খরচ অনুমানপত্রে যোগ করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১১ মার্চ্চ।]

3. The Collector shall, previous to submitting a report to the Commissioner under sections 11, 19 or 43 of the Act, obtain the written opinion of the Superintending Engineer, which shall form part of the record of proceedings in the case.

No notices regarding new works, the estimated cost of which exceeds Rs. 2,500, shall be published under section 8 of the Act until the estimates, specifications and plans have received the approval of the Chief Engineer.

4. No estimate under section 49 of the Act shall be transmitted to the Collector until it has been countersigned by the Superintending Engineer, who is responsible that the repairs proposed to be executed are necessary, for the manner in which it is proposed to execute them, and that the rates entered in the estimate are fair and reasonable.

5. The Superintending Engineer shall, on the requisition of the Collector, furnish a written opinion on any work it is proposed to execute under the Act, causing all necessary surveys to be made.

6. Where the Collector, under the last preceding section, requires surveys to be made, he shall either cause the estimated cost of the same to be paid to the Engineer, or procure sanction, under the ordinary rules for the disbursement of public money, to the proposed expenditure. Such deposit or sanction shall provide for the salaries and allowances of the Engineers and Surveyors it is intended to employ.

7. The Superintending Engineer shall, in any enquiry under section 51 of the Act, on receiving a requisition to that effect from the Collector, give his written opinion as to the boundaries of the lands affected by such works or repairs, and the extent to which they have been benefited or affected. This opinion shall form part of the record of proceedings in the case.

7A. Notwithstanding that there is no express mention in section 52 of the Act, of objections preferred before the Collector to the Engineer's accounts and certificate of expenses, on the ground that certain lands are not benefited by the works or repairs as specified in such certificate, the Collector should entertain and consider such objections. As the disposal of such objections will often depend on professional enquiries, the Collector should consult the Engineer, and if necessary, the Superintending Engineer, before passing orders, and the substance of the reference to the Engineer, and of his reply, shall form part of the record.

If the Collector shall, on such objection, come to the conclusion that any alteration should be made in the certificate which has been signed by the Engineer under section 51, he may at any time, before making an order charging or apportioning the amount under section 58 of the Act, make such alteration as provided in section 52.

8. When it is considered that the ordinary procedure under the Act would be attended with grave and imminent danger to life and property, and proceedings under section 25 of the Act are taken by the Collector, or under section 29 by the Engineer, the Collector shall make an immediate report to the Commissioner, and forward a copy thereof to the Superintending Engineer. In such cases the Commissioner shall lose no time in submitting a copy of this report, with his opinion thereon, through the Board of Revenue for the orders of Government.

9. All orders passed under section 31 of the Act shall be in writing, and the applicant shall be entitled to receive a copy of the same free of charge on application. The Engineer shall delegate to all Public Works sub-divisional officers the power of receiving applications under section 31 of the Act for temporary road-ways and temporary water-courses, but no person so appointed shall pass an order for the construction of a temporary water-course, unless he has been specially authorized to do so by the Superintending Engineer. Such authority shall specify the embankments in regard to which only this power is to be exercised. In all cases where an application for a temporary water-course is made to a person appointed by the Engineer, such application shall be submitted to the Engineer for transmission to the Collector. The Engineer, in forwarding applications under this section to the Collector, shall state in writing whether in his opinion they can be sanctioned without endangering the safety of the embankment.

[*Government Gazette*, 11*th March* 1884.]

৩। আইনের ১১, ১৯ বা ৪৩ ধারামতে কমিশ্যনর সাহেবের নিকট রিপোর্ট পাঠাইবার পূর্ব্বে কালেক্টর সাহেব সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের লিখিত মত লইবেন, ঐ মত তদ্বিষয়ক কার্য্যানুষ্ঠানের নথীর একাংশ হইবে।

নূতন যে কার্য্যের আনুমানিক খরচ ২,৫০০৲ টাকার অধিক তাহার ব্যয়ের অনুমানপত্র ও বিশেষ বিবরণ ও নকশা প্রধান ইঞ্জিনিয়র সাহেব অনুমোদন না করা পর্য্যন্ত সেই কার্য্য সম্বন্ধীয় বিজ্ঞাপন আইনের ৮ ধারামতে প্রকাশ করা যাইবে না।

৪। সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেব ক্রোড়স্বাক্ষর না করিলে আইনের ৪৯ ধারামত অনুমানপত্র কালেক্টর সাহেবের নিকট পাঠান যাইবে না; যে মেরামত করিবার প্রস্তাব হয় তাহা যে আবশ্যক ও যেরূপে তাহা করিবার প্রস্তাব হয় তজ্জন্য এবং অনুমানপত্রে যে হার লেখা থাকে তাহা যে ন্যায্য ও যুক্তিসঙ্গত, ইহার জন্য সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেব দায়ী।

৫। উক্ত আইনমতে যে কোন কার্য্য করিবার প্রস্তাব হয় সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র আবশ্যক জরীপ করাইয়া ঐ কার্য্য সম্বন্ধে আপনার লিখিত মত কালেক্টর সাহেবের আদেশমতে দিবেন।

৬। পূর্ব্ব ধারামতে কালেক্টর সাহেব জরীপ করিবার আজ্ঞা দিলে তিনি সেই কার্য্যের আনুমানিক খরচ উক্ত ইঞ্জিনিয়রকে দেওয়াইবেন অথবা রাজকীয় অর্থব্যয়ে সাধারণ নিয়মানুসারে প্রস্তাবিত ব্যয় করিবার অনুমতি আনাইবেন। যে ইঞ্জিনিয়র ও সরবেয়রদিগকে নিযুক্ত করিবার কল্পনা থাকে ঐ রূপ যে টাকা দেওয়া যায় বা দিবার অনুমতি হয় তাহাহইতে তাহাদের বেতন ও উপরি খরচ দেওয়া যাইবে।

৭। আইনের ৫১ ধারামতে কোন অনুসন্ধান লইতে হইলে, সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র, কালেক্টর সাহেবের স্থানে সেই মর্ম্মের আদেশ পাইলে সেই কার্য্য বা মেরামতী দ্বারা যে ভূমি স্পৃষ্ট হইবে সেই ভূমির সীমা ও তাহা যে পরিমাণে উপকৃত বা স্পৃষ্ট হইয়া থাকে, এই বিষয়ে আপনার মত লিখিয়া দিবেন। এই মত তদ্বিষয়ক কার্য্যানুষ্ঠানের নথীর একাংশ হইবে।

৭ ক। ইঞ্জিনিয়র সাহেবের দত্ত খরচের সর্টিফিকেটে লিখিত কার্য্যের বা মেরামতী দ্বারা কোন২ ভূমি উপকৃত হয় নাই বলিয়া উক্ত সাহেবের হিসাব ও খরচের সর্টিফিকেটের উপর কালেক্টর সাহেবের সম্মুখে আপত্তি উপস্থিত করণের স্পৃষ্ট উল্লেখ উক্ত আইনের ৫২ ধারায় না থাকিলেও কালেক্টর সাহেব সেই আপত্তি গ্রহণ করিয়া তাহা বিবেচনা করিবেন। তদ্রূপ আপত্তির নিষ্পত্তি করণার্থে ইঞ্জিনিয়রদের দ্বারা অনেক সময়ে অনুসন্ধান লওয়া আবশ্যক হইবে বলিয়া কালেক্টর সাহেব আজ্ঞা প্রকাশ করণের পূর্ব্বে ইঞ্জিনিয়র সাহেবের সঙ্গে ও প্রয়োজন হইলে সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের সঙ্গে পরামর্শ করিবেন, ইঞ্জিনিয়র সাহেবকে যাহা জিজ্ঞাসা করেন তাহার ও তাঁহার স্থানে প্রাপ্ত উত্তরের মর্ম্ম নথীর একাংশ হইবে।

ইঞ্জিনিয়র সাহেব ৫১ ধারামতে যে সর্টিফিকটে স্বাক্ষর করিয়াছেন, কালেক্টর সাহেব উক্ত আপত্তি দেখিয়া যদি তাহার কিছু পরিবর্ত্তন করিতে হইবে ইহা সিদ্ধান্ত করেন তাহা হইলে তিনি উক্ত আইনের ৫৮ ধারামতে টাকা ধার্য্য করিবার বা অংশতঃ দিবার আজ্ঞা করণের পূর্ব্ব কোন সময়ে ৫২ ধারার বিধানমতে উক্ত পরিবর্ত্তন করিতে পারিবেন।

৮। যখন বিবেচনা হয় যে আইনের নিয়মিত প্রণালী অবলম্বন করিলে জীবনের ও সম্পত্তির গুরুতর ও আসন্ন বিপদ হইবে, এবং আইনের ২৫ ধারামতে কালেক্টর সাহেব কিম্বা ২৯ ধারামতে ইঞ্জিনিয়র কার্য্যানুষ্ঠান করেন, তখন কালেক্টর সাহেব অবিলম্বে কমিশনর সাহেবের নিকট রিপোর্ট করিবেন ও তাহার নকল সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের নিকট পাঠাইবেন। এরূপ স্থলে কমিশ্যনর সাহেব রেবিনিউ বোর্ডের দ্বারা গবর্ণমেণ্টের আজ্ঞা পাইবার নিমিত্ত আপনার মতসহিত এই রিপোর্টের নকল পাঠাইতে কাল বিলম্ব করিবেন না।

৯। আইনের ৩১ ধারামতে যে সকল আজ্ঞা করা যায় তাহা লিখিয়া করিতে হইবে, এবং দরখাস্ত করিলে দরখাস্তকারি বিনা পয়সায় ঐ আজ্ঞার নকল পাইতে পারিবেন। ইঞ্জিনিয়র কিয়ৎকালীন পথ ও কিয়ৎকালীন পয়োনালা করিবার নিমিত্ত আইনের ৩১ ধারামত দরখাস্ত গ্রহণ করিবার ক্ষমতা পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে সমুদয় উপখণ্ডের কর্ত্তৃপক্ষদিগকে দিবেন; কিন্তু সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের স্থানে বিশেষ আদেশ না পাইলে ঐরূপে নিযুক্ত কোন ব্যক্তি কিয়ৎকালীন পয়োনালা প্রস্তুত করিবার আজ্ঞা দিবেন না। কেবল যে যে বাঁধ সম্বন্ধে এই ক্ষমতামতে কার্য্য করিতে হইবে উক্ত আদেশে তাহা নির্দ্দিষ্ট থাকিবে। ইঞ্জিনিয়রের নিযুক্ত কোন ব্যক্তির নিকট কিয়ৎকালীন পয়োনালা করিবার নিমিত্ত যে সকল স্থলে দরখাস্ত হয় সেই সকল স্থলে কালেক্টর সাহেবের নিকট প্রেরণ জন্য ঐ দরখাস্ত ইঞ্জিনিয়রের নিকট পাঠাইতে হইবে। ইঞ্জিনিয়র এই ধারামতে কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত পাঠাইবার সময়ে লিখিয়া বলিবেন তাঁহার মতে বাঁধের বিঘ্ন না জন্মাইয়া ঐ দরখাস্ত মঞ্জুর করা যাইতে পারে কি না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১১ মার্চ্চ।]

10. All Public Works sub-divisional officers shall be authorized to open or shut sluices under general rules to be issued by the Engineer with the approval of the Collector. A copy of all rules made under this section shall be transmitted to the Superintending Engineer.

11. Any order to remove an embankment or obstruction, or to repair damage, passed under section 79 of the Act, shall be appealable to the court to which an appeal ordinarily lies from the decision of the Magistrate who passes the order.

12. The Engineer shall submit to the Collector, through the Superintending Engineer, an annual report of all expenditure incurred on embankments in the district, distinguishing between those kept up at the cost of Government, and those maintained from funds supplied from other sources. The sums receivable under contracts shall be mentioned. In this report a succinct account of the state of the embankments, of the action of floods during the year, and of any proceedings taken under the Embankment Act, shall be given. The Collector shall forward this report through the Commissioner and Board of Revenue, with his own remarks, for the information of Government.

J. M. McNEILE, *Lieut.-Col.*, R.E.,
Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

[*Government Gazette*, 11*th March* 1884.]

১০। কালেক্টর সাহেবের অনুমোদনক্রমে ইঞ্জিনিয়র যে সাধারণ বিধিপ্রচার করেন তদনুসারে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের সমুদয় উপখণ্ডের কর্ত্তৃপক্ষ জলের কপাট খুলিতে বা বন্ধ করিতে পারিবেন। এই ধারামতে যে সকল বিধি প্রণয়ন করা যায় তাহার নকল সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবের নিকট পাঠাইতে হইবে।

১১। কোন বাঁধ বা অবরোধজনক দ্রব্য সারাইয়া ফেলিবার বা হানি সারাইয়া দিবার কোন আজ্ঞা আইনের ৭৯ ধারামতে করা গেলে, যে মাজিষ্ট্রেট ঐ আজ্ঞা করেন তাঁহার নিষ্পত্তির উপর সামান্যতঃ যে আদালতে আপীল হয়, সেই আদালতে ঐ আজ্ঞার উপর আপীল হইতে পারিবে।

১২। যে বাঁধগুলি গবর্ণমেণ্টের খরচে রক্ষা করা হয় এবং যে গুলি অন্য ফণ্ড হইতে রক্ষা করা হয়, ইহা পৃথক করিয়া ইঞ্জিনিয়র জিলার বাঁধে যত খরচ পড়ে তাহার বার্ষিক রিপোর্ট সুপরিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়রের দ্বারা কালেক্টর সাহেবের নিকট পাঠাইবেন। চুক্তিমতে যে টাকা পাওয়া যাইতে পারিবে তাহার উল্লেখ করিতে হইবে। বাঁধের যেরূপ অবস্থা, বৎসরের মধ্যে বন্যায় যেরূপ ফল হইয়াছে, এবং বাঁধ বিষয়ক আইনমতে যে কোন কার্য্যানুষ্ঠান হইয়াছে, তাহার সংক্ষিপ্ত বিবরণ এই রিপোর্টে দিতে হইবে। কালেক্টর সাহেব আপন মন্তব্য সহিত এই রিপোর্ট কমিশ্যনর সাহেব ও রেবিনিউ বোর্ড দ্বারা গবর্ণমেণ্টের অবগতি নিমিত্ত পাঠাইবেন।

জে, এম, মাকনীল, লেপ্টেনেণ্ট-কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট-সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল, ১১ মার্চ্চ।

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৪ সালের ১ মার্চ্চ তারিখে আইন ও বিধি প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রসভায় পাঠিত হইয়া এইরূপ আদেশ সহিত সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হয় যে তাঁহারা এক সপ্তাহের মধ্যে তৎসম্বন্ধে রিপোর্ট করিবেন।

কলিকাতার ট্রামওয়ে বিষয়ক ১৮৮০ সালের আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

১৮৭৬ সালের কলিকাতার মুনিসিপল আইনসংগ্রহ নামক আইনের নির্দ্দিষ্ট নগরের স্থানসীমার মধ্যে কলিকাতার যেই অংশ নাই, তন্মধ্যে ট্রামওয়ে প্রস্তুত করিবার সুবিধা করিয়া দেওয়া ও তাহার কার্য্য চালাইবার ব্যবস্থা করা এবং তাহার সাধারণ কার্য্যাধ্যক্ষতা, তত্ত্বাবধান ও কর্তৃত্বের উপযুক্ত বিধান করা বাঞ্ছনীয়; এবং পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত কলিকাতার ট্রামওয়ে বিষয়ক ১৮৮০ সালের আইন সংশোধন করা আবশ্যক। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

আইনের অর্থকরণ ও আরম্ভের কথা।

১ ধারা। এই আইন "কলিকাতার ট্রামওয়ে বিষয়ক ১৮৮০ সালের আইনের" সহিত পঠিত ও তাহার অংশ বলিয়া গৃহীত হইবে।

আর এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদন সহিত কলিকাতা গেজেটে প্রকাশিত হয়, সেই তারিখ অবধি প্রবল হইবে।

"কলিকাতা" শব্দের অর্থ।

২ ধারা। "কলিকাতা" শব্দে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের নিয়মমত প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানসীমান্তর্গত সমুদয় স্থান বুঝাইবে।

নগরের স্থানসীমার বাহিরে ট্রামওয়ে প্রস্তুত করা গেলে, তাহা স্থানীয় গবর্ণমেণ্টের অধীন হইবার কথা।

৩ ধারা। কলিকাতার মধ্যে যে সকল ট্রামওয়ে প্রস্তুত করা গিয়াছে, কিন্তু যাহা ১৮৭৬ সালের কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ নামক আইনের নির্দ্দিষ্ট নগরের স্থানসীমার বাহিরে অবস্থিত, তাহা স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ কার্য্যাধ্যক্ষতা, ব্যবস্থা ও কর্তৃত্বের অধীন থাকিবে; এবং ১৮৭৬ সালের কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ নামক আইনের নির্দ্দিষ্ট নগরের স্থানসীমার মধ্যেই সম্পূর্ণরূপে উক্ত ট্রামওয়ে প্রস্তুত করা গেলে, কলিকাতার ট্রামওয়ে বিষয়ক ১৮৮০ সালের আইনের বিধানমতে সমবায়িত সমাজ যে সকল স্বত্ব, ক্ষমতা, কর্তব্য ও শক্তিক্রমে কার্য্য করিতেন, স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সেই সকল স্বত্ব, ক্ষমতা, কর্তব্য ও শক্তিক্রমে কার্য্য করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১১ মার্চ্চ।]

A Bill to amend the Calcutta Tramways Act, 1880.

৪ ধারা। ১৮৭৩ সালের কলিকাতার মুনিসিপল আইনসংগ্রহ নামক আইনের নির্দ্দিষ্ট নগরের সীমার বাহিরে যে কোন ট্রামওয়ে বা ট্রামওয়ের যে কোন অংশ প্রস্তুত করা যায়, তৎসম্বন্ধে সম্বরক্ষিত সমাজকে কোনরূপ কর্তৃত্ব, ক্ষমতা বা শক্তি দেওয়া যাহাতে হয়, এরূপ ভাবে এই আইনের কোন কথার অর্থ করিতে হইবে না।

নগরের সীমার বহিঃস্থ ট্রামওয়ে সম্বন্ধে সম্বরক্ষিত সমাজের কর্তৃত্ব না থাকিবার কথা।

৫ ধারা। উক্ত কলিকাতার ট্রামওয়ে বিষয়ক ১৮৮০ সালের আইনের ৪ ধারামতে যে কোন নোটিস প্রকাশ করা আবশ্যক, তাহা প্রকাশ করিতে কোন ত্রুটি বা অনিয়ম হইলেও, এই আইন প্রবল হইবার পূর্ব্বে যে কোন ট্রামওয়ে প্রস্তুত করা গিয়া থাকে, সেই ট্রামওয়ে সম্বন্ধে এই আইনের ও কলিকাতার ট্রামওয়ে বিষয়ক ১৮৮০ সালের আইনের বিধান খাটিবে।

যে সকল ট্রামওয়ে প্রস্তুত করা গিয়াছে, তৎসম্বন্ধে আইনের ভূতকালপক্ষে ফল হইবার কথা।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

কলিকাতার ট্রামওয়ে বিষয়ক ১৮৮০ সালের আইনের হেতুবাদে এরূপ ব্যক্ত আছে যে, (১) উক্ত আইনে বিশেষরূপে যে কএকটী ট্রামওয়ের কথা লিখিত আছে, ও (২) "কলিকাতানগরে ও কলিকাতার শাখানগরে অন্যান্য যেং ট্রামওয়ে অন্যান্য যেং স্থানের মধ্যে যেং পথ দিয়া লইয়া যাওয়া ভবিষ্যতে অনুমোদিত হয়," সেই সকল ট্রামওয়ে প্রস্তুত করিবার বিধান করা উক্ত আইনের উদ্দেশ্য। এই কথাগুলির ব্যাপ্তি এরূপ যে কলিকাতার অন্তর্গত যে কোন স্থান হইতে কলিকাতার শাখানগরের আর এক স্থান পর্য্যন্ত ট্রামওয়ের কথা ইহার মধ্যে পড়ে, যদিও উহার পথ সম্পূর্ণরূপে কলিকাতার সম্বরক্ষিত সমাজের ও শাখানগরের মুনিসিপল কমিশ্যনরদের এলাকার সীমার মধ্যে না থাকিতে পারে। কিন্তু হেতুবাদ ছাড়া আইনের মর্ম্ম ধরিলে, উক্ত দুই মুনিসিপালিটীর একটীর বা অন্যটীর এলাকার মধ্যে সম্পূর্ণরূপে যে সকল ট্রামওয়ের পথ থাকে, আইনে কেবল তাহারই কথা আছে। এই নিমিত্ত ঠিকং বলিতে গেলে, যে ট্রামওয়ের পথের কোন অংশ গড়ের মাঠের উপর দিয়া গিয়াছে, তৎসম্বন্ধে উক্ত আইন খাটে না; কারণ, গড়ের মাঠ সাক্ষাৎসম্বন্ধে গবর্ণমেন্টের অধীন, উক্ত কোন মুনিসিপালিটীর কমিশ্যনরগণের কর্তৃত্বাধীন নহে। গড়ের মাঠে যে পথ আছে, সেই পথ দিয়া উক্ত আইনমতে অনুমোদিত ট্রামওয়ের অংশ প্রস্তুত করা প্রয়োজন হইয়াছে, এরূপ কএকটী ভুল ঘটিয়াছে; এবং গড়ের মাঠ যাহাতে ইহার মধ্যে পড়ে এরূপে ভূতকাল সম্পর্কে ফলবৎ করিয়া কলিকাতার ট্রামওয়ে বিষয়ক ১৮৮০ সালের আইনের ব্যাপ্তি বৃদ্ধি করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

এস, টি, ট্রেবর।
সি, এচ, রাইলী,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিস্টান্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৪ সাল, ১১ মার্চ্চ।

সপ্তম খণ্ড।

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরক্যুলর।

দেওয়ানী সরকুলর অর্ডর।

১ নম্বর। ১৮৮৪ সাল ১৮ জানুয়ারি।

